


# নিরাপত্তার গাইড 2021


Toronto
Community
Housing












# আরও জানুন

এই গাইডে যে বিষয়গুলি আছে সেসব এবং Toronto Community Housing-এর খবর, মিটিং, নীতি, ফর্ম এবং টেমপ্লেটের বিষয়ে আরও তথ্য এখানে পাবেন - **torontohousing.ca**.

## এই গাইডের আরেকটি কপি পেতে, আপনি:

- অনলাইনে এটা প্রিন্ট করে নিতে এখানে যান - **torontohousing.ca/safetyguide**
- আপনার হাব, আঞ্চলিক বা প্রপার্টি ম্যানেজমেন্ট অফিসে যেতে পারেন
- **416-981-5500** নম্বরে বা **help@torontohousing.ca**-এ ক্লায়েন্ট কেয়ার সেন্টারে (Client Care Centre) যোগাযোগ করতে পারেন

প্রকাশের (মুদ্রণের) সময় এই রিসোর্স নির্ভুল ছিল।

সংশোধন করার জন্য help@torontohousing.ca

© August 2021 Toronto Community Housing

# স্বাগতম

City of Toronto-এর মালিকানাধীন, Toronto Community Housing সারা শহরের এলাকাগুলোতে প্রায় 58,000 পরিবারকে বাসস্থান প্রদান করে। আমরা পরিষ্কার-পরিচ্ছন্ন, নিরাপদ, নিপুণ রক্ষণাবেক্ষণ ও স্বলমূল্যের আবাসন, এবং ভাড়াটেদের পরিষেবা ও সহায়তা পেতে যোগাযোগ করিয়ে দেওয়ার জন্য যথেষ্ট চেষ্টা করে থাকি। আমরা সুযোগ-সুবিধার উন্নতি ঘটাতে অনেক অংশীদারদের সাথে যৌথভাবে কাজ করি যা আমাদের কমিউনিটির কল্যাণ ও জীবনের মান উন্নত করতে পারে, বসবাস করার জন্য টরন্টো শহরকে আরও উন্নত করে তুলতে সাহায্য করে।

আমাদের ভাড়াটে এবং কমিউনিটির নিরাপত্তা সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে অগ্রাধিকার পায়। এটা আপনার Toronto Community Housing-এর বাড়ি এবং বিল্ডিং-এর নিরাপত্তা তথ্যের গাইড (নির্দেশিকা)। আপনি জরুরি পরিস্থিতিতে যে সব উপায়ে প্রস্তুত থাকতে পারেন এবং সমস্যা হলে যা কিছু করণীয় তার সমস্ত বিবরণ এতে রয়েছে। তাছাড়া কমিউনিটি নিরাপদ রাখতে Toronto Community Housing-এর বিবিধ বিভাগ যা করে তার রেখাচিত্রও এতে রয়েছে।

Tenant Communications Workgroup (টেনান্ট কমিউনিকেশন্স ওয়ার্কগ্রুপ) এবং Responsible Personal Accessibility in Toronto Housing (R-PATH) [রেসপনসিবল পার্সোনাল অ্যাক্সেসিবিলিটি ইন টরন্টো হাউজিং - R-PATH] কমিটি অসংখ্য কর্মী এবং ভাড়াটে যারা আপনার জন্য এই গাইড তৈরি করতে নিজেদের ধারণা ও প্রতিক্রিয়া জানিয়েছেন তাদের সকলকে আমরা ধন্যবাদ জানাচ্ছি। এই গাইড নাগালের মধ্যে রাখুন এবং যে কোনো সময় আপনার সাহায্যের প্রয়োজন হলে আমাদের সাথে যোগাযোগ করুন।

# গুরুত্বপূর্ণ:

নিরাপত্তার গাইডটি আপনার তথ্যের একটি দ্রুত উৎস হবে, এই উদ্দেশ্যেই করা হয়েছে। এই গাইডের তথ্যগুলো সময়ের সাথে পরিবর্তন হতে পারে বা পুরানো হয়ে যেতে পারে।

এই গাইডের তথ্যগুলো আইনগত পরামর্শরূপে গ্রহণ করা উচিত নয়। এই গাইডে লিখিত এবং কানাডার যে কোন আইন (কেন্দ্রীয়, প্রাদেশিক, বা অন্যথায়), অথবা Toronto Community Housing-এর যে কোন নীতি, প্রক্রিয়া, বা নির্দেশনার মধ্যে দ্বন্দ্ব হলে, আইন, নীতি, প্রক্রিয়া, বা নির্দেশনা বহাল থাকবে। এই গাইডের কোনো কিছুই Toronto Community Housing-এর পক্ষ থেকে পালন করা বা না করার মত কোনো প্রতিশ্রুতি, প্রস্তাব বা চুক্তি হিসেবে গণ্য করা যাবে না।

**আমার গাইড হারিয়ে গেলে, অনুগ্রহ করে নিচের ঠিকানায় ফেরত পাঠান**:

নাম:

ঠিকানা:



# সূচীপত্র

## সূচীপত্র


পরিষেবা ও সহায়তাসমূহ ........ 8
নিরাপত্তা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নম্বর ........ 8
আপনার কমিউনিটিতে নিরাপত্তা ........ 10
কমিউনিটি সেফটি ইউনিট (Community Safety Unit) ........ 10
কমিউনিটি সেফটি ইউনিট দল ........ 10
আপনি যখন ফোন করেন তখন কী হয়? ........ 11
আপনি কী করতে পারেন ........ 11
সিকিউরিটি ক্যামেরা ........ 12
অসামাজিক আচরণ ........ 13
কী হতে পারে ........ 14
কারণবশত বিতাড়িত করা মানে কী? ........ 14
আপনি কী করতে পারেন ........ 14
ইউনিট টেকওভার ........ 14
আপনি কী করতে পারেন ........ 15
পাড়ায় অপরাধে বাধা দেওয়া ........ 15
পরিবেশ সংক্রান্ত ডিজাইন ........ 15
আপনি কী করতে পারেন ........ 16
আপনার বিল্ডিং বা টাউনহোমে অপরাধে বাধা দেওয়া ........ 16
আপনি কী করতে পারেন ........ 16
পার্কিং এলাকায় অপরাধ প্রতিরোধ ........ 17
আপনি কী করতে পারেন ........ 17
জানালা-সংক্রান্ত নিরাপত্তা ........ 17
জানালা মেরামতের জন্য কাকে ডাকতে হবে ........ 18
বারান্দার (ব্যালকনি) নিরাপত্তা ........ 19
বারান্দা (ব্যালকনি) মেরামতের জন্য কাকে ডাকতে হবে ........ 19
বিদ্যুৎ বিভ্রাট ........ 19

বিদ্যুৎ বিভ্রাটে কাকে ফোন করতে হবে ..... 19
বিদ্যুৎ বিভ্রাটের জন্য প্রস্তুত থাকা ..... 20
বিদ্যুৎ বিভ্রাট ঘটলে কী করতে হবে ..... 21
খালি করা ..... 22
বিদ্যুৎ সরবরাহ ফিরে আসার পর ..... 22
জলে ক্ষতি ও বন্যা ..... 22
আপনি কী করতে পারেন ..... 22
যখন বন্যা হয় ..... 23
খালি করা ..... 24
বন্যার পর ..... 24
প্রস্তুত থাকতে আপনি কী করতে পারেন ..... 26
"জরুরি অবস্থায়" ফর্ম পূরণ করে দিন ..... 26
একটা "সঙ্গে নিয়ে যাওয়া"–র ব্যাগ ..... 26
আপনার যদি অক্ষমতা থাকে তার জন্য জরুরি অবস্থার প্রস্তুতি ..... 27
বিমা ..... 29
পোষ্য এবং পশু নিরাপত্তা ..... 31
জরুরি অবস্থায় পোষ্য ..... 31
অগ্নি নিরাপত্তা ..... 32
প্রস্তুত থাকুন ..... 32
পরিত্রাণের পথের প্ল্যান করে রাখবেন। ..... 32
যদি আগুন লাগে ..... 34
আপনি যদি কোনও উঁচু (ছয় তলার বেশি) বিল্ডিং-এ বসবাস করেন ..... 34
আপনি যদি নিরাপদে বাইরে চলে যেতে না পারেন তাহলে কী করণীয় ..... 34
যদি কাপড়ে আগুন লাগে ..... 36
আপনার অনুপস্থিতিতে যদি আগুন লাগে ..... 36
Toronto Community Housing অগ্নিকাণ্ডে কী ব্যবস্থা করে ..... 36
অগ্নিকাণ্ডের পর ..... 36
অগ্নিকাণ্ডে বাধা দেওয়া ..... 38
বাড়িতে সাধারণ অগ্নিকাণ্ড ঘটলে ..... 38
অসাবধান হয়ে রান্না করা ..... 40
রান্নাঘরে আগুন লাগলে কী করণীয় ..... 41
"ধূমপান নিষেধ"-এর নতুন নীতি ..... 43
অসাবধান হয়ে ধূমপান ..... 43
মোমবাতি ..... 45
আপনার স্মোক অ্যালার্ম সচল অবস্থায় রাখুন ..... 47

সাধারণ এলাকায় অগ্নিকান্ড ........ 49
মরসুমী নিরাপত্তা ........ 51
গ্রীষ্মকালীন নিরাপত্তা ........ 51
বাইরে জ্বালানো ........ 51
গরমে ঠান্ডা থাকা ........ 53
উত্তাপ সতর্কীকরণ ........ 54
এয়ার কন্ডিশনারের নিরাপত্তা ........ 54
সুইমিং পুলের নিরাপত্তা ........ 54
শীতকালীন নিরাপত্তা ........ 57
প্রচণ্ড শীতের সতর্কীকরণ ........ 57
বহনযোগ্য হিটার (স্পেস হিটার) ........ 58
রেডিয়েটার ........ 59
হিমেল বৃষ্টি, বরফ ও তুষারপাত ........ 59
বাতাসে নিরাপত্তা ........ 61
হ্যালোইনে নিরাপত্তা ........ 61
অনুবাদিত কপি চাই? ........ 63
পরিশিষ্ট 1: জরুরি অবস্থার ফর্ম ........ 64



# পরিষেবা ও সহায়তাসমূহ

আপনি বছরের প্রতি দিন, দিনে 24 ঘন্টা, Toronto Community Housing ক্লায়েন্ট কেয়ার সেন্টার **416-981-5500**-এ ফোন করতে পারেন বা **help@torontohousing.ca**-এ যোগাযোগ করতে পারেন।

Toronto Community Housing-এর কমিউনিটি সেফটি ইউনিট: **416-921-2323**

- পৃষ্ঠা 8-এ কমিউনিটি সেফটি ইউনিট সম্পর্কে আরও জানুন।

## নিরাপত্তা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নম্বর

ফোন নম্বরের একটা তালিকা দেওয়া হল, আপনি বছরের প্রতি দিন, দিনে 24 ঘন্টা এখানে ফোন করতে পারেন। গুরুত্বপূর্ণ: এই নম্বরগুলো নাগালের মধ্যে রাখুন যাতে আপনার যখন সহায়তার প্রয়োজন হবে আপনি সহায়তা পেতে পারেন। নিরাপত্তা সহায়তা সংস্থানের জন্য আপনি **torontohousing.ca/safetynumbers**-এও গিয়ে দেখতে পারেন।

জরুরি পরিষেবাসমূহ: **9-1-1** (টেক্সট এবং টেক্সট টেলিফোন বা TTY, পাওয়া যায়)। জরুরি অবস্থায় সর্বদা এই নম্বরে ফোন করবেন, এবং টরন্টো পুলিশ
পরিষেবা (Toronto Police Service), টরন্টো ফায়ার সার্ভিস (Toronto Fire Services) এবং টরন্টো প্যারামেডিক পরিষেবার (Toronto Paramedic Services) সঙ্গে আপনার যোগাযোগ করিয়ে দেওয়া হবে।

- জরুরি-নয় এমন পরিস্থিতিতে পুলিশকে ফোন করা: জরুরি-নয় এমন পরিস্থিতিতে পুলিশের সহায়তার প্রয়োজন হলে (জালিয়াতি, চুরির রিপোর্ট এবং অন্যান্য) **416-808-2222** বা **416-467-0493** (TTY)-এ ফোন করুন। টরন্টো পুলিশ পরিষেবা (Toronto Police Service) সারা শহর জুড়ে থাকা বিভাগে কাজ করে। আপনার কাছাকাছি কোন বিভাগ আছে জানতে এবং তাদের যোগাযোগের তথ্যের জন্য **torontopolice.on.ca/divisions** দেখুন।
- Crime Stoppers: আপনি যদি পুলিশকে অপরাধের তথ্য শেয়ার করতে চান **416-222-8477** বা **1-800-222-8477**-এ ফোন করুন। আপনার নাম জানানোর প্রয়োজন নাই।
- ভিক্টিম সার্ভিসেস (Victim Services): অপরাধের শিকার হয়েছেন এমন ব্যক্তিদের জন্য অবিলম্বে সাহায্য পৌঁছে দিতে **416-808-7066**-এ ফোন করুন।

- মিনিস্ট্রি অফ অ্যাটর্নি জেনারেল ভিক্টিম সাপোর্ট লাইন: 24/7 তথ্য এবং রেফারাল কাউন্সিলারের সঙ্গে কথা বলতে **1-888-579-2888** বা **416-314-2447**-এ ফোন করুন। পরিষেবাগুলো বহু ভাষায় পাওয়া যায়।
- হামলার শিকার হয়েছেন এমন মহিলাদের হেল্পলাইন: হামলার শিকার মহিলাদের সহায়তার জন্য **416-863-0511** বা **1-866-863-7868** (TTY)-এ ফোন করুন। পরিষেবাগুলো বহু ভাষায় পাওয়া যায়।

# আপনার কমিউনিটিতে নিরাপত্তা

আগুন লাগা, হিংস্র অপরাধের সময় বা জীবন সংশয়কর জরুরি চিকিৎসাগত অবস্থায় সর্বদা **9-1-1**-এ ফোন করুন।

## কমিউনিটি সেফটি ইউনিট (Community Safety Unit) — 416-921-2323




সব ভাড়াটেদের স্ব স্ব পাড়ায় নিরাপদ থাকার অধিকার আছে। এই সব সমস্যায় আপনি কমিউনিটি সেফটি ইউনিটে ফোন করতে পারেন:

- বেআইনী বা অপরাধমূলক ক্রিয়াকলাপ
- পার্কিং-এর নিয়মভঙ্গ
- অনধিকার প্রবেশ
- অত্যধিক শব্দ

দিনে 24 ঘন্টা, সপ্তাহে সাত দিন ফোনের উত্তর দেওয়ার জন্য কর্মচারী বহাল থাকে।

## কর্মিউনিটি সেফটি ইউনিট দল

- স্পেশাল কনস্টেবল পুলিশ অফিসার না তবে Toronto Community Housing-এর ভূসম্পত্তিতে তদন্ত এবং গ্রেপ্তার করার ক্ষমতা তাদের কাছে আছে। তারা পায়ে হেঁটে, সাইকেল বা গাড়িতে টহল দেন। বিশেষ অনুষ্ঠানে তারা নিরাপত্তা দিতে পারে।
- পার্কিং এনফোর্সমেন্ট অফিসার পার্কিং-এর জায়গাগুলিতে টহল দেয় এবং টিকিট জারি করা ও বেআইনী ভাবে দাঁড় করিয়ে রাখা গাড়ি তুলে নিয়ে যাওয়ার ক্ষমতা তাদের কাছে আছে।
- কমিউনিটি সেফটি অ্যাডভাইজার (Community Safety Advisors) ভাড়াটেদের নিরাপত্তার কর্মসূচি দিতে এবং কমিউনিটির প্রান্তস্থদের জন্য আউটরীচে সাহায্য করে।
- ডিসপ্যাচ সেন্টার (Dispatch Centre) আপনার ফোনের উত্তর দেয়, রেডিও ফ্রিকোয়েন্সি পর্যবেক্ষণ করে অফিসারদের নিরাপদ রাখে এবং অফিসারদের অবস্থায় নজর রাখে। অফিসারদের যখন সাহায্যের দরকার হয় তখন তাদের কাছে সাহায্য পৌঁছানো নিশ্চিত করতে তারা জরুরি অবস্থায় ফার্স্ট রেসপন্ডার অর্থাৎ প্রারম্ভিক উত্তরদাতাদের সঙ্গেও কাজ করে।

কমিউনিটি সেফটি ইউনিট টরন্টো পুলিশ সার্ভিসের মত আইন রক্ষক অন্যান্য সংস্থার সঙ্গে ঘনিষ্ঠ সহযোগিতা করে। তারা এক সঙ্গে পাহারা দেয়, বিশেষ প্রকল্পে সহযোগী হয় এবং গুরুতর অপরাধের তদন্তে সাহায্য করে।

## আপনি যখন ফোন করেন তখন কী হয়?

আপনার কী প্রয়োজন সে সম্পর্কে জানতে একজন ডিসপ্যাচার অর্থাৎ বার্তাপ্রেরক আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করবে। এই প্রশ্নগুলির মধ্যে থাকবে:

- আপনার নাম, ঠিকানা এবং যোগাযোগের নম্বর (আপনি এই তথ্য জানাতে বাধ্য না, তবে কোনও ঘটনার মীমাংসা করতে ফলো-আপের প্রয়োজন হলে, কমিউনিটি সেফটি ইউনিটের কর্মচারী আপনাকে যোগাযোগ করতে ব্যর্থ হলে সেটা সমস্যা হতে পারে)
- বর্তমানে আপনি কোথায় আছেন এবং কোথায় সাহায্য দরকার
- কে বা কারা জড়িত (যদি আপনি নিজে জড়িত হন এবং আপনার অক্ষমতা থাকে, ডিসপ্যাচারকে জানিয়ে দেবেন যে বিশেষ সাহায্য দরকার)।
- যদি কেউ আহত হয়

যদি আপনি এমন কোনও জরুরি অবস্থার বিষয়ে ফোন করেন যেখানে মানুষ বা সম্পত্তি বিপন্ন, তাহলে ডিসপ্যাচার আপনাকে তৎক্ষণাৎ টরন্টো এমার্জেন্সি সার্ভিসে (Toronto Emergency Services) যোগাযোগ করতে বলবে যাতে যা ঘটেছে সে বিষয়ে প্রত্যক্ষদর্শী হিসাবে আপনি তাদের সব জানাতে পারেন। ডিসপ্যাচার তারপর এমার্জেন্সি সার্ভিসে যোগাযোগ করবে এবং ঘটনাস্থলে স্পেশাল কনস্টেবল পাঠাবে।

ঐ পরিস্থিতিতে তৎক্ষণাৎ স্পেশাল কনস্টেবলের পৌঁছানোর দরকার না হলে, ডিসপ্যাচার তাকে আপনার তথ্য জানিয়ে দেবে। তারপর স্পেশাল কনস্টেবল সাইটের কর্মচারী ও টরন্টো পুলিশের (দরকার হলে) সহযোগিতায় আপনার উদ্বেগের বিষয়ে ফলো-আপ করবে।

আপনি ডিসপ্যাচার বা দায়িত্বপ্রাপ্ত স্পেশাল কনস্টেবলের কাছ থেকে ঘটনা নম্বর চেয়ে নিতে পারেন। ঘটনার রিপোর্ট করার সময় যদি আপনি নিজের পরিচয় কোনও প্রকারে না জানাতে চান, তাহলে আপনার ক্রাইম Crime Stoppers-এর **416-222-8477**-এ যোগাযোগ করা উচিত।

## আপনি কী করতে পারেন

আমাদের বেশ কয়েকটা কমিউনিটিতে ভাড়াটেদের বিধিবর্জিত "বাড়ি সিস্টেম" আছে বা কমিউনিটি মিটিং করা হয় যা একে অপরের খোঁজখবর নেয়। তবে আপনি যদি নিরাপত্তা বা সুরক্ষার বিষয়ে চিন্তিত হন, Toronto Community Housing-এর একজনকে জানান। সেটা সাইটের কর্মচারী হতে পারেন, হাব স্টাফ বা কমিউনিটি সেফটি ইউনিট হতে পারে।

# সিকিউরিটি ক্যামেরা



Toronto Community Housing আমাদের সব ভূসম্পত্তিতে ভিডিও দিয়ে নজরদারির ক্যামেরা ব্যবহার করে। অপরাধের রিপোর্ট পাওয়ার পর তদন্তে এইগুলি সাহায্য করে। তাছাড়া ক্যামেরা অপরাধমূলক কাজে বাধা দিয়েও সাহায্য করে।

ভাড়াটেদের যুক্তিসঙ্গত মানের গোপনীয়তা প্রত্যাশা করার অধিকার আছে। নিরাপত্তার প্রয়োজনের পাশাপাশি আমাদের এই বিষয়ে ভারসাম্য রাখতে হয়। আমরা টরন্টোর সর্বজনীন এলাকায় ক্যামেরা রাখি

কমিউনিটি হাউজিং-এর ভূসম্পত্তি। ভাড়াটে, কর্মচারী এবং জনসাধারণের যেখানে যুক্তিসঙ্গতভাবে গোপনীয়তা প্রত্যাশা করা উচিত সেখানে আমরা এইগুলি রাখি না। যেমন, কোনও ইউনিটের খোলা দরজার ভিতরে দেখার জন্য বা ওয়াশরুম বা পোশাক বদলের রুমে আমরা ক্যামেরা রাখি না।

শুধু অনুমোদিত কর্মচারী ভিডিও দিয়ে করা নজরদারির রেকর্ড অ্যাক্সেস করতে পারে। টরন্টো পুলিশ পরিষেবার কোনও অপরাধের তদন্ত করার প্রয়োজন হলে তারা ভিডিও রেকর্ডের আধিকারিককে আনুষ্ঠানিকভাবে অনুরোধ করতে পারে।

আমাদের নির্ধারিত নীতি অনুসারে, খুব অল্প সময় রেখে দেওয়ার পরে সিস্টেম নিজে থেকে ভিডিও রেকর্ড মুছে দেয়। যদি আমাদের জানানো হয় যে কোনও তদন্ত বা অন্য আইনী কারণে আইনত রেকর্ডিং প্রয়োজন শুধু সে ক্ষেত্রে বেশি দিনের জন্য রেকর্ডিং রাখা হয়, তবে রেকর্ড মুছে দেওয়ার আগে আমাদের অবশ্যই জানানো দরকার।

## আপনি কী করতে পারেন

সব সময় আমাদের ক্যামেরা নজরে রাখা হয় না। আপনার বিল্ডিং-এ এবং আশেপাশে কোনও অপরাধ বা ঘটনা ঘটলে যত তাড়াতাড়ি সম্ভব আপনার রিপোর্ট করা বিশেষ জরুরি যাতে কর্মচারীরা ভিডিও রেকর্ডিং দেখতে পারেন এবং তা ক্যামেরাবন্দী হয়েছে কিনা দেখতে পারেন।

আমরা যেভাবে ভিডিও দিয়ে নজরদারির ফুটেজ ব্যবহার করি, রাখি, জমা করি ও নষ্ট করি সে সব বিষয়ে আরও জানতে **torontohousing.ca/CCTV-policy** দেখুন।

## অসামাজিক আচরণ

অসামাজিক আচরণ *রেসিডেন্সিয়াল টেনান্সিস অ্যাক্ট (Residential Tenancies Act)* এবং আমাদের নীতি বিরুদ্ধ। এখানে অসামাজিক আচরণের কিছু উদাহরণ দেওয়া হল:

- ড্রাগের লেনদেন সমেত যে কোনও বেআইনী কাজ
- ভাঙ চুর করা—জেনে বুঝে সম্পত্তির ক্ষতি করা
- জনসমক্ষে মাতলামি করা বা নেশা গ্রস্ত থাকা
- অনধিকার প্রবেশ বা ঘুরঘুর করা
- যেখানে অনুমতি নেই সেখানে ধূমপান
- বিপজ্জনক কাজ যেমন বিল্ডিং বেয়ে ওঠা, আতশবাজি পোড়ানো, আগুন লাগানো
- সন্দেহজনক আচরণ, যেমন কারুর বাড়ির আশেপাশে ঘুরে বেড়ানো বা গাড়ির জানালা দিয়ে ভিতরে উঁকি দেওয়া
- অকারণ ফায়ার অ্যালার্ম বাজানো
- অত্যধিক কোলাহল করা
- ভুল জায়গায় নোংরা ফেলা
- বিঘ্ন সৃষ্টি করা বা গালমন্দ করার মত আচরণ, যেমন অন্য ভাড়াটেদের উত্যক্ত করা



## কী হতে পারে

অসামাজিক আচরণের সমাধান করতে এবং প্রয়োজন মতো সাহায্য করতে Toronto Community Housing-এর কর্মচারীরা ভাড়াটেদের সহযোগিতায় কাজ করবে। তবে, যে সব ভাড়াটে অসামাজিক আচরণ করছে তারা যা করছে সেই মতো:

- তিনি মৌখিক বা লিখিত সতর্কীকরণ পেতে পারেন
- ল্যান্ডলর্ড অ্যান্ড টেনান্ট বোর্ডে (Landlord and Tenant Board) তাকে "কারণবশত বিতাড়িত করা" যায়
- তাকে গ্রেপ্তার বা অভিযুক্ত করা যায় এবং আদালতে যেতে হতে পারে

## কারণবশত বিতাড়িত করা মানে কী?

আইনানুসার এবং আমাদের এভিক্সন ফর কজ নীতি অনুযায়ী, বিতাড়িত করার একটা কারণ অসামাজিক আচরণ হতে পারে। যে সব অসামাজিক আচরণের ফলে বিতাড়িত করা যায় তার উদাহরণে এইগুলি থাকতে পারে, যখন কেউ:

- অন্য ভাড়াটের শান্তিপূর্ণ ও নির্ঝঞ্ঝাট উপায়ে বাড়িতে সময় কাটানোর যুক্তিসঙ্গত অধিকারে স্পষ্ট বাধা দেয়
- জেনেশুনে সম্পত্তির ক্ষতি করে
- বেআইনী কাজ করে যেমন আগ্নেয়াস্ত্র ব্যবহার বা ড্রাগসের লেনদেন করে
- বিপজ্জনক কাজ করে বা অন্যদের বিপন্ন করে


আপনার সঙ্গে যারা বসবাস করছেন তাদের এবং আপনার অতিথি বা অভ্যাগতের আচরণের জন্য আপনি দায়বদ্ধ থাকবেন। যদি তারা এমন কিছু করে যার কারণে তাকে বিতাড়িত করা যায় তাহলে Toronto Community Housing আপনার গোটা পরিবারকে বিতাড়িত করার আবেদন করতে পারে।

## আপনি কী করতে পারেন

- অসামাজিক আচরণের রিপোর্ট করতে কমিউনিটি সেফটি ইউনিট **416-921-2323**-এ ফোন করুন।
- কারণবশত বিতাড়িত করার নীতি (Evictions for Cause policy)-র বিষয়ে আরও জানতে **torontohousing.ca/evictions-for-cause-policy** দেখুন
- অতিথি এবং অভ্যাগতের নীতির বিষয়ে আরও জানতে **torontohousing.ca/guest-policy** দেখুন

## ইউনিট টেকওভার

আপনার বাড়িতে বসবাস করছেন এমন কারুর কারণে আপনি যদি বিপন্ন বোধ করেন তখন ইউনিট টেকওভার বা জবরদখল করা হয়। আপনি শারীরিক বা মানসিক কারণে আতঙ্কিত হতে পারেন, বা আপনার টাকাকড়ির বিষয়ে আতঙ্কিত হতে পারেন।



অবাঞ্ছিত লোকজন ভাড়াটের সঙ্গে বন্ধুত্ব করে বা তাকে ভয় দেখাতে হুমকি দেওয়ার মতো ফন্দি করে তার ইউনিটে ঢুকে পড়ে। পরিবারের সদস্যরাও এমন করতে পারে।

## আপনি কী করতে পারেন

যদি পরিস্থিতির রিপোর্ট করা হয় শুধু তাহলেই Toronto Community Housing এই রকম অবাঞ্ছিত মানুষকে সরিয়ে দিতে পারে। আমরা বুঝি ইউনিট টেকওভারের শিকার হওয়া ভয়াবহ ব্যাপার, তবে আপনি যাতে সাহায্য পেতে পারেন সেইজন্য রিপোর্ট করা জরুরি। ইউনিট টেকওভারের ফলে পরবর্তীকালে আরও বড় সমস্যা সৃষ্টি হতে পারে। ইউনিটে যা ঘটছে সেই মতো যে সব ভাড়াটে টেকওভার রিপোর্ট করে না তার বিরুদ্ধে অপরাধমূলক অভিযোগ, বিতাড়িত করা বা কারণ, বা উভয়ই আনা যায়। আপনার বাড়ি হারানোর বিপদাশঙ্কা ডেকে আনবেন না।


আপনি যখন রিপোর্ট করবেন যে আপনার ইউনিট জবরদখল করে নেওয়া হয়েছে, পরিস্থিতির সমাধান না হওয়া পর্যন্ত আমরা সুস্থতা পরীক্ষা ও অন্য ধরণের সাহায্য দেব।

যদি আপনার সন্দেহ হয় যে আপনার বিল্ডিং-এ ইউনিট টেকওভার হচ্ছে, তাহলেও আপনার রিপোর্ট করা উচিত। এখানে ইউনিট টেকওভারের রিপোর্ট করা যায়:

- কমিউনিটি সেফটি ইউনিটে **416-921-2323**
- আপনার স্থানীয় টরন্টো পুলিশ স্টেশন বিভাগে (Toronto Police Service Division)
- **416-222-8477** (TIPS)-এ Crime Stoppers

# পাড়ায় অপরাধে বাধা দেওয়া

## পরিবেশ সংক্রান্ত ডিজাইন



Toronto Community Housing যখন বড় ধরণের সংস্কারসাধন বা পুনর্বিকাশ করে, আমরা পাড়া এবং বিল্ডিং এমনভাবে ডিজাইন করার উপায় খুঁজি যাতে অপরাধমূলক বা অসামাজিক কাজকর্ম করা দুঃসাধ্য হয়।

যেমন, আমরা নিশ্চিত করি যে কমিউনিটির রাস্তাগুলি একে অপরের সঙ্গে যুক্ত রাখা, অবরুদ্ধ না করা। এইগুলিতে আশেপাশের পাড়ার একাধিক স্থান থেকে ঢোকা সহজ হওয়া উচিত। আমরা রাস্তা, হাঁটার পথ ও পার্কিং-এর জায়গাগুলিতে যথেষ্ট আলো রাখা নিশ্চিত করি। বাড়ি

তৈরি করার সময়, জানালা ও বারান্দা দিয়ে যাতে পাশের গলি ও পার্কিং স্থল দেখা যায় আমরা তা নিশ্চিত করি।

## আপনি কী করতে পারেন

যথেষ্ট আলোকিত এলাকায় বাঁধানো রাস্তা ধরে ও ঝোপ ঝাড় থেকে দূরত্ব রেখে হাঁটবেন। কোনও বাল্ব ভেঙে গেলে বা না জ্বললে আপনার সুপারিন্টেন্ডেন্ট বা ক্লায়েন্ট কেয়ার সেন্টারে রিপোর্ট করবেন।

আপনি যদি টাউনহোমে বাস করেন, রাতে বাইরের আলো জ্বালিয়ে রাখবেন। তার ফলে পথচারী দেখতে পাবে ও অসামাজিক আচরণে বাধা দেওয়া যাবে। আপনি সাশ্রয়কর বাল্ব ব্যবহার করতে পারেন এবং তার ফলে আপনার হাইড্রো বিল বিশেষ বাড়বে না।

# আপনার বিল্ডিং বা টাউনহোমে অপরাধে বাধা দেওয়া

## আপনি কী করতে পারেন



- আপনার বাড়ির সব দরজা বন্ধ করে ও তালা দিয়ে রাখবেন।
- যদি আপনার ইউনিট বা টাউনহোম একতলায় হয়, আপনার জানালা ও দরজা সর্বদা তালাবন্ধ ও সুরক্ষিত করে রাখা নিশ্চিত করবেন।
- দরজা কখনও খুলে রাখবেন না বা হলওয়ে ও সিঁড়ি আটকে রাখবেন না। এটা লীজ এবং *ফায়ার কোড (Fire Code)* উভয়ের উল্লঙ্ঘন।
- চড়ার পূর্বে লিফটের ভিতরে দেখে নিন। আপনি অস্বস্তি বোধ করলে, পরেরটার জন্য অপেক্ষা করবেন।
- যে ইন্টারকমে আপনাকে কল করবে সে আপনার পরিচিত কিনা সে বিষয়ে নিশ্চিত হয়ে তবেই বিল্ডিং-এ ঢুকতে দেবেন।
- সব বিক্রেতা, যেমন মেরামত কর্মীকে আপনার বাড়িতে ঢুকতে দেওয়ার আগে অবশ্যই যথাযথ আইডি দেখাতে বলবেন। জরুরি রক্ষণাবেক্ষণের প্রয়োজন না হলে, যে কোনও বিক্রেতা আপনার ইউনিটে প্রবেশের অন্তত ২৪ ঘন্টা আগে আপনি নোটিস পেয়ে যাবেন।
- আপনার সঙ্গে বসবাস করছেন না এমন কাউকে আপনার ইউনিটের চাবি বা ফবের কপি দেবেন না।
- যদি আপনার চাবি বা ফব হারিয়ে যায়, অবিলম্বে আপনার সুপারিন্টেন্ডেন্টকে জানাবেন বা অফিসের আগের বা পরের সময় হলে ক্লায়েন্ট
- কেয়ার সেন্টারে ফোন করবেন।
- অনেকক্ষণের জন্য আপনাকে বাইরে থাকতে হলে, সৌজন্যমূলক ভাবে সে কথা সুপারিন্টেন্ডেন্টকে জানিয়ে রাখবেন। বিল্ডিং-এর জরুরি অবস্থায়, তাকে সব ভাড়াটের হয়ে জবাবদিহি করতে হয়।

# পার্কিং এলাকায় অপরাধ প্রতিরোধ

## আপনি কী করতে পারেন




- আপনার গাড়ির দিকে হেঁটে যাওয়ার সময় সতর্ক থাকবেন। আপনার চারিপাশে যা ঘটছে সে ব্যাপারে নজর রাখবেন ও কান পেতে শুনবেন।
- যদি কোনও অপরিচিত ব্যক্তি আপনাকে অনুসরণ করে, নিরাপদ থাকবেন। কমিউনিটি সেফটি ইউনিট বা সাইটের কর্মীকে আপনার চিন্তার বিষয়ে জানাবেন। আপনার ইউনিটে ফিরে যাবেন ও সম্ভব হলে পরে ফিরে আসবেন।
- সর্বদা আপনার গাড়ি লক করে রাখবেন ও সেখানে দামী কিছু ফেলে রাখবেন না।
- পার্কিং-এর জায়গা যাতে যথেষ্ট আলোকিত হয় আমরা তা নিশ্চিত করি। আলোক ব্যবস্থা নিয়ে আপনার চিন্তা থাকলে বা ভেঙে গিয়েছে বা জ্বলছে না এমন বাল্বের রিপোর্ট করতে, ক্লায়েন্ট কেয়ার সেন্টারে যোগাযোগ করুন।
- পুলিশের কাছে আপনার বাইক রেজিস্টার করে নেবেন। তাতে কোনও সিরিয়াল নম্বর না থাকলে, তাতে একটা নম্বর খোদাই করে রাখবেন। এইভাবে, যদি আপনার বাইক হারিয়ে যায় তাহলে সেটা শনাক্ত করতে পারবেন।
- কাটা বা ভাঙা যায় না এমন কিছুর সঙ্গে আপনার বাইক তালাবন্ধ করে রাখবেন। অনেক কমিউনিটিতে বাইক রাখার জায়গা বরাদ্দ করা থাকে। ভাল মানের তালা ব্যবহার করুন।

# জানালা-সংক্রান্ত নিরাপত্তা



Toronto Community Housing অ্যাপার্টমেন্ট বিল্ডিংগুলিতে, আপনার নিরাপত্তার জন্য জানালার ডিজাইন তৈরি করা হয়েছে। জানালার স্ক্রিন আপনার ইউনিটে পোকামাকড় ঢুকতে দেয় না। তবে এইগুলি এত মজবুত না যে ছোটরা বা পোষ্য পড়ে গেলে বাধা দিতে পারবে।

উইন্ডো লকের ফলে তাজা হাওয়া পেতে এই জানালা চার ইঞ্চি (১০ সেন্টিমিটার) ফাঁক করা যায়, আপনি তাতে সুরক্ষিত থাকবেন।

## জানালা মেরামতের জন্য কাকে ডাকতে হবে

জানালার লক বা স্ক্রিন মেরামত করানোর প্রয়োজন হলে আপনার সুপারিন্টেন্ডেন্টের কাছে রিপোর্ট করুন। তাছাড়া আপনি ক্লায়েন্ট কেয়ার সেন্টার **help@torontohousing.ca** বা **416-981-5500**-এ যোগাযোগ করতে পারেন। লক বা স্ক্রিনে অবৈধ হস্তক্ষেপ করবেন না বা নিজে মেরামতের চেষ্টা করবেন না। জেনেশুনে আপনি লক বা স্ক্রিন বিকল করলে, আপনাকে মেরামতের দাম দিতে হবে। তার ফলে আপনাকে বিতাড়িতও করা যায়।

# বারান্দার (ব্যালকনি) নিরাপত্তা



আপনার ইউনিটে যদি বারান্দা থাকে, উপভোগ করুন। তবে নিয়ম মনে রাখবেন। এইগুলি আপনার নিরাপত্তার জন্য।

স্টোর করার জন্য এই বারান্দা ব্যবহার করবেন না বা চারিদিক ঘিরে বাড়তি রুম তৈরি **করবেন না**। তার ফলে অগ্নিকান্ড ঘটতে পারে এবং আপনার লীজের উল্লঙ্ঘন করা হয়।

আপনার বারান্দা দিয়ে কিছু ছুঁড়ে বাইরে ফেলবেন **না**। তাতে সিগারেটের টুকরো অন্তর্ভুক্ত। মজবুত অ্যাশট্রে ব্যবহার করুন এবং ধূমপানের সব জিনিস যাতে বাইরে থাকে সে বিষয়ে নিশ্চিত হয়ে নেবেন।

বারান্দায় (ব্যালকনি) কার্পেট রাখবেন **না**। অন্যান্য বিপদাশঙ্কা ছাড়াও, ভেজা কার্পেটের ফলে কনক্রিটের ক্ষতি হয়ে যেতে পারে।

বারান্দায় রান্না বা বার্বেকিউ করবেন **না**। তার ফলে অগ্নিকাণ্ড ঘটতে পারে এবং আপনার লীজের উল্লঙ্ঘন করা হয়।

## বারান্দা (ব্যালকনি) মেরামতের জন্য কাকে ডাকতে হবে

ক্লায়েন্ট কেয়ার সেন্টার **416-981-5500**-এ ফোন করবেন।


# বিদ্যুৎ বিভ্রাট

## বিদ্যুৎ বিভ্রাটে কাকে ফোন করতে হবে

যদি আপনার রাস্তায় বিদ্যুৎ সরবরাহ না থাকে বা পাওয়ার লাইন কাজ না করে, Toronto Hydro-তে **416-542-8000**-এ ফোন করুন।

শুধু আপনার বাড়িতে যদি বিদ্যুৎ বিভ্রাট ঘটে (আপনার ইউনিটের আলো জ্বলছে না অথচ হলওয়েতে আলো আছে), তাহলে ক্লায়েন্ট কেয়ার সেন্টার **416-981-5500**-এ ফোন করুন।

# বিদ্যুৎ বিভ্রাটের জন্য প্রস্তুত থাকা



- কয়েকটা ফ্ল্যাশলাইট এবং বাড়তি ব্যাটারি জমা করে রাখবেন।
- সেল ফোন ও অন্যান্য ডিভাইস চার্জ করে রাখার চেষ্টা করবেন।
- কৌটার এবং শুকনো খাবার জমা করে রাখবেন। নিয়মিত মেয়াদ শেষের তারিখ দেখে নেবেন।
- আপনার অক্ষমতা থাকলে, নিজের পরিচয় প্রমাণ করার সেল্ফ-আইডি প্রক্রিয়ায় অংশ নেবেন এবং এমার্জেন্সি কন্ট্যাক্ট এবং স্পেশাল অ্যাসিস্টেন্স ইনফর্মেশন ফর্ম পূরণ করে দেবেন। এই প্রক্রিয়ার সাহায্যে ভাড়াটেরা প্রবেশ প্রতিবন্ধক রেখে সংগোপনে

Toronto Community Housing-এর কাছে নিজেদের পরিচয় জানাতে পারে, এইভাবে জরুরি অবস্থায় বাড়ি খালি করায় সাহায্য বা সুস্থতা পরীক্ষা করে তাদের সুরক্ষা নিশ্চিত করা যায়।

  - পৃষ্ঠা 21-এ সেল্ফ আইডি প্রক্রিয়ার বিষয়ে আরও জেনে নিন।

- যদি আপনি এমন কোনও ওষুধ নেন যা ফ্রিজে রাখা দরকার, সে সব ঠাণ্ডা রাখার পরিকল্পনা করে রাখবেন।
- বিদ্যুতের কোনও সমস্যা ঘটলে অবিলম্বে সাইটের কর্মচারী বা ক্লায়েন্ট কেয়ার সেন্টারে রিপোর্ট করবেন।

## বিদ্যুৎ বিভ্রাট ঘটলে কী করতে হবে

বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গেলে বিল্ডিং-এর এমার্জেন্সি লাইট ও জরুরি অবস্থায় প্রস্থানের সঙ্কেত চালু হয়ে যাবে বা স্বয়ংক্রিয়ভাবে জ্বলে উঠবে।

সাধারণ কাজের সময়, কী করতে হবে তা কর্মচারী আপনাকে জানাবে। তিন ঘন্টার বেশি সময় যাবৎ বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকলে, কর্মচারী নোটিস টাঙিয়ে দেবে ও ইউনিটে যাবে। তারা আপনাকে জানিয়ে দেবে এবং আপনার প্রয়োজনগুলির বিষয়ে খোঁজ নেবে।

- আপনার অক্ষমতা থাকলে ও অবিলম্বে সাহায্যের প্রয়োজন হলে, ক্লায়েন্ট কেয়ার সেন্টার বা সাইট কর্মীদের অবিলম্বে জানান।
- আপনি তখন রান্না করলে, স্টোভ বন্ধ করে দেবেন। বিদ্যুৎ সরবরাহ ফিরে আসলে হঠাৎ বিদ্যুৎ বৃদ্ধি এড়িয়ে যেতে যন্ত্র পাতি ও ইলেক্ট্রনিক্সের প্লাগ খুলে রাখবেন। একটা আলো জ্বালিয়ে রাখবেন যাতে বিদ্যুৎ সরবরাহ বহাল হয়েছে কিনা বোঝা যায়।
- খাবার যতক্ষণ সম্ভব ঠাণ্ডা রাখতে আপনার ফ্রিজের দরজা বন্ধ করে রাখবেন।
- মোমবাতির বদলে ফ্ল্যাশলাইট ব্যবহার করবেন। নেহাতই মোমবাতি ব্যবহার করতে হলে, বিনা তত্ত্বাবধানে ফেলে রাখবেন না। সে সব ছোটদের বা পোষ্যর নাগালের বাইরে রাখবেন, এবং আগুন লাগার মত জিনিস থেকে কমপক্ষে এক ফুট (৩০ সেন্টিমিটার) দূরে রাখবেন।

## সতর্কীকরণ:

ভিতরে বা বারান্দায়—কখনও প্রোপেন হিটার, বার্বেকিউ বা গ্যাস-চালিত জেনারেটার দিয়ে গরম করবেন না। এইগুলি দিয়ে মারাত্মক কার্বন মোনোঅক্সাইড গ্যাস তৈরি হয়, যা চোখে দেখা যায় না বা গন্ধ পাওয়া যায় না।

বিদ্যুৎ বিভ্রাটের হালখবর পেতে **torontohydro.com** বা **416-542-8000**-এ Toronto Hydro যোগাযোগ করুন।

# খালি করা

বিল্ডিং-এর ইলেক্ট্রিকাল ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হলে, কর্মচারী আপনাকে খালি করে দিতে বলবেন।

একান্ত প্রয়োজনীয় ওষুধ, জরুরি দলিল, টাকাকড়ি এবং আপনার পরিচয়পত্র সঙ্গে রাখবেন।

অন্যত্র যাওয়া ও পুনঃপ্রবেশে কর্মচারী আপনাকে সাহায্য করবেন। যতক্ষণ না Toronto Community Housing আপনাকে জানাবে যে
ফেরত আসা নিরাপদ ততক্ষণ আপনার বাড়িতে ঢুকবেন না।

# বিদ্যুৎ সরবরাহ ফিরে আসার পর


সব খাবার পরীক্ষা করে নেবেন কারণ নষ্ট হওয়ার সম্ভাবনা থাকে। সন্দেহ হলে, ফেলে দেবেন। বিদ্যুৎ বিভ্রাটে নষ্ট হয়ে যাওয়া খাবার বদলের দাম Toronto Community Housing দেবে না।

ইলেক্ট্রিকাল ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হয়েছে কিনা তা Toronto Community Housing মূল্যায়ন করবে এবং মেরামত প্রক্রিয়া শুরু করবে। তারা আপনাকে প্রগতির বিষয়ে জানিয়ে দেবে।

# জলে ক্ষতি ও বন্যা

প্রবল বৃষ্টি বা প্লাম্বিং-এর সমস্যার ফলে আপনার বিল্ডিং বা ইউনিটের জল সংক্রান্ত ক্ষতি হয়ে যেতে পারে। সতর্কীকরণ না দিয়েই হঠাৎ বিপুল বন্যা হতে পারে। প্রবল বৃষ্টির ফলে জল নিকাশে বাধা পড়তে পারে।

## আপনি কী করতে পারেন




প্লাম্বিং-এর কোনও সমস্যা হলে বা সিলিং থেকে জল চুঁইয়ে পড়লে তৎক্ষণাৎ সাইটের কর্মচারী বা ক্লায়েন্ট কেয়ার সেন্টারে রিপোর্ট করবেন যাতে সঠিক সংস্থান পাঠানো যায়। আপনার অক্ষমতা থাকলে ও অবিলম্বে সাহায্যের প্রয়োজন হলে, তখনই সাইটের কর্মচারী বা ক্লায়েন্ট কেয়ার সেন্টারে জানাবেন।

সম্ভব হলে, বন্যার ক্ষতি থেকে সুরক্ষিত করতে ইলেক্ট্রনিক্সের মতো সব দামী জিনিস মেঝে থেকে উপরে তুলে রাখবেন।

আপনার অ্যাপার্টমেন্টের জল সরবরাহ বন্ধ করার ভাল্ব কোথায় আছে তা জেনে রাখার পরামর্শ আপনাকে দেওয়া হয়েছে, যাতে জরুরি অবস্থায় ঐগুলি দিয়ে আপনার সিঙ্ক ও টয়লেটের জল সরবরাহ বন্ধ করতে পারেন।

আপনার অক্ষমতা থাকলে, সেল্ফ-আইডি প্রক্রিয়ায় অংশ নেবেন এবং এমার্জেন্সি কনট্যাক্ট এবং স্পেশাল অ্যাসিস্টেন্স ইনফর্মেশন ফর্ম পূরণ করে দেবেন। পৃষ্ঠা 21-এ সেল্ফ-আইডি প্রক্রিয়ার বিষয়ে জেনে নিন।

## যখন বন্যা হয়

- **416-981-5500**-এ ক্লায়েন্ট কেয়ার সেন্টারে বন্যার রিপোর্ট করুন।
- বন্যা প্লাবিত এলাকা এড়িয়ে যান। ইলেক্ট্রিকের আউটলেট, যন্ত্রপাতি বা তারের সংস্পর্শে আসলে জল বিপজ্জনক।
- জলের কাছে ইলেকট্রনিক যন্ত্রপাতি ব্যবহার করবেন না।
- জল সরবরাহ প্রভাবিত হলে, বোতলের, ফোটানো বা পরিশোধিত জল ব্যবহার করবেন। কলের জল খাওয়া কখন নিরাপদ তা কর্মচারী আপনাকে জানিয়ে দেবেন।

## খালি করা

বন্যা গুরুতর হলে, কর্মচারী আপনাকে আপনার ইউনিট বা বিল্ডিং খালি করতে বলতে পারেন।

আপনার যদি কোনও ওষুধ সঙ্গে নেওয়ার প্রয়োজন হয়, জরুরি দলিল, টাকাকড়ি এবং আপনার পরিচয়পত্র সঙ্গে রাখবেন।

অন্যত্র যাওয়া ও পুনঃপ্রবেশে কর্মচারী আপনাকে সাহায্য করবেন। যতক্ষণ না Toronto Community Housing আপনাকে জানাবে যে ফেরত আসা নিরাপদ ততক্ষণ আপনার বাড়িতে ঢুকবেন না।

## বন্যার পর

নষ্ট বা জলের ফলে ক্ষতিগ্রস্ত হওয়ার লক্ষণ দেখতে আপনার সব খাদ্য পদার্থ পরীক্ষা করে নেবেন। সন্দেহ হলে, ফেলে দেবেন, বিশেষ করে যদি তা বন্যার জলের সংস্রবে আসে।

বন্যায় ছাতা পড়া ও ছত্রাকের আদর্শ পরিবেশ তৈরি হয়। জল ও ব্লীচের মিশ্রণ দিয়ে আপনার বাড়ির সমস্ত পৃষ্ঠতল পরিষ্কার ও জীবাণুমুক্ত করে নেবেন। মনে রাখবেন ব্লীচের সঙ্গে অ্যামোনিয়া বা অন্য কোনও ক্লীনার মেশাবেন না কারণ তার ফলে বিষাক্ত গ্যাস তৈরি হয়।

যোগ্য ইলেক্ট্রিশিয়ান যতক্ষণ না বন্যা প্লাবিত যন্ত্রপাতি, ইলেক্ট্রিকাল আউটলেট, সুইচ বক্স বা ফিউজ-ব্রেকার প্যানেল পরীক্ষা করে ব্যবহারোপযোগী বলবেন ততক্ষণ সে সব ব্যবহার করবেন না। Toronto Community Housing এই সব পরীক্ষা করানোর বন্দোবস্ত করবে।

Toronto Community Housing প্রয়োজনমত সব মেরামতের সময়তালিকা তৈরি করবে এবং আপনাকে প্রগতির বিষয়ে জানিয়ে দেবে। বন্যা যতটা গুরুতর সেই মতো প্রভাবিত এলাকায় ইন্ডাস্ট্রিয়াল ফ্যানের মত শুকনো করার যন্ত্রপাতি বসানো যায়। আপনার ইউনিটে ফ্যান বসানো হলে, কর্মচারী বা বিক্রেতা সে সব পরীক্ষা করতে আসার অন্তত 24 ঘন্টা আগে আপনাকে নোটিস দেওয়া হবে।

বন্যার ফলে যে সব জিনিস নষ্ট হয়ে যায় সে সব বদলানোর দাম Toronto Community Housing দেয় না। ভাড়াটেদের নিজেদের জিনিসপত্র সুরক্ষিত করতে জিনিসের বিমা করিয়ে রাখতে হবে।




# জরুরি অবস্থার প্রস্তুতি

Toronto Community Housing এর একটি জরুরি
প্রতিক্রিয়া পরিকল্পনা রয়েছে যাতে আমরা নিশ্চিত করতে পারি যে আমরা প্রবল আবহাওয়া, অগ্নিকাণ্ড এবং বন্যার মতো দুর্যোগের প্রস্তুতি। এই প্ল্যানের বিষয়ে আরও জানতে, ক্লায়েন্ট কেয়ার সেন্টারে **416-981-5500** অথবা **help@torontohousing.ca**-এ যোগাযোগ করুন।

# প্রস্তুত থাকতে আপনি কী করতে পারেন

আপনার নিজস্ব প্ল্যান থাকা দরকার যাতে জরুরি অবস্থায় কী করতে হবে তা আপনার ও আপনার পরিবারের জানা থাকে। আপনি ও আপনার সন্তানরা কীভাবে আপনার বাড়ি ও বিল্ডিং থেকে নিরাপদে বাইরে যাবেন তার অভ্যাস করুন। বিল্ডিং-এর বাইরে একটা জায়গা বেছে নিন যেখানে, খালি করতে হলে, আপনার পরিবারের সবাই মিলিত হবে।




আপনার সঙ্গে বসবাস করে না এমন একজনের নাম এমার্জেন্সি কন্ট্যাক্ট হিসাবে জানিয়ে রাখবেন। এই কনট্যাক্ট কে এবং তার সঙ্গে কীভাবে যোগাযোগ করতে হবে তা আপনার পরিবারের জানা আছে সে বিষয়ে নিশ্চিত হয়ে নিন।

অগ্নিকাণ্ড বা বন্যার মতো জরুরি অবস্থায় নষ্ট হয়ে যাওয়া জিনিসপত্রের দাম দেওয়ার জন্য আপনার সংসারের জিনিসপত্রের বিমা করিয়ে রাখা উচিত।

# "জরুরি অবস্থায়" ফর্ম পূরণ করে দিন

"জরুরি অবস্থায়" ফর্ম পূরণ করে দিন এবং আপনার অ্যাপার্টমেন্টে সহজে চোখে পড়ার মতো জায়গায় রাখুন যাতে জরুরি অবস্থায় প্যারামেডিকদের চোখে পড়ে। এটা Toronto Community Housing-এর কর্মচারীদের দেবেন না।

রোগ, আঘাত বা ভাষায় বাধার কারণে স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারী আপনার সঙ্গে কথা বলতে না পারলে তাদের পক্ষে আপনাকে সাহায্য করা সহজ করার জন্য এই ফর্ম একটা সাহায্য সংস্থান।

এই গাইডের উল্টো পিঠে **পৃষ্ঠা 49**-এ "জরুরি অবস্থায়" ফর্মের একটা কপি আছে। সেটা ছিঁড়ে আলাদা করে পূরণ করে দিন। এটা সহজে বোঝা যায়। তাছাড়া আপনি আরও কপি **torontohousing.ca/getprepared** থেকে ডাউনলোড ও প্রিন্ট করতে পারেন।

# একটা "সঙ্গে নিয়ে যাওয়া"–র ব্যাগ

আপনাকে ও আপনার পরিবারকে যদি অন্তত 72 ঘন্টার জন্য হঠাৎ চলে যেতে হয় তাহলে প্রয়োজনীয় জিনিসপত্র সঙ্গে নিয়ে যাওয়ার এই ব্যাগ একটা জরুরি কিট। এই ব্যাগটি আপনার সামনের দরজার কাছে রাখুন।




এই ব্যাগে জলের বোতল, জামা কাপড়, নষ্ট হয় না এমন খাবার, ফ্ল্যাশলাইট, এবং বাড়তি ওষুধ (সম্ভব হলে)-এর মত জিনিস থাকা উচিত। আরও জানতে **torontohousing.ca/getprepared** বা **getprepared.gc.ca** দেখুন।

## আপনার যদি অক্ষমতা থাকে তার জন্য জরুরি অবস্থার প্রস্তুতি




জরুরি অবস্থায় বিদ্যুৎ, এলিভেটার, সহজে প্রবেশযোগ্য পরিবহনে ও অন্যান্য সমস্যা হতে পারে।

আরও প্রস্তুত থাকতে আপনি এই কাজগুলি করতে পারেন:

- আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারী, আপনার পরিবার, একজন বন্ধু বা এদের তিনজনের সঙ্গেই একটা প্ল্যান করে নিন।
- জরুরি অবস্থায় আপনার খোঁজখবর করতে পারেন এমন একজনকে বেছে নিন।
- মেডিকাল সতর্কীকরণের ডিভাইস বা ব্যক্তিগত অ্যালার্ম সঙ্গে রাখবেন।
- আপনার জীবন যদি বিদ্যুৎ চালিত মেডিকাল যন্ত্রপাতির উপর নির্ভরশীল হয় যেমন ভেন্টিলেটার বা কিডনি ডায়ালিসিস মেশিন, তাহলে ব্যাক-আপ প্ল্যান করে রাখবেন। বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গেলেও যাতে আপনার যন্ত্র কাজ করে তা নিশ্চিত করুন।
- লাইফ সাপোর্ট নোটিফিকেশন রেজিস্ট্রিতে (Life Support Notification Registry) নথিভুক্ত হওয়ার জন্য Toronto Hydro-র সাথে **416-542-8000**-এ যোগাযোগ করুন। Toronto Hydro পূর্ব পরিকল্পিত বিদ্যুৎ বিভ্রাটের বিষয়ে আপনাকে জানানোর যথাসাধ্য চেষ্টা করবে যাতে আপনি প্রস্তুতির সময় পান।
- আপনার যন্ত্রে লেবেল এঁটে রাখবেন। আপনাকে বাড়ি খালি করতে হলে সে সব কীভাবে ব্যবহার ও পরিবহন করতে হবে তার নির্দেশ এঁটে রাখবেন।
- সেল্ফ-আইডি প্রক্রিয়ায় অংশ নেবেন এবং এমার্জেন্সি কন্ট্যাক্ট এবং স্পেশাল অ্যাসিস্টেন্স ইনফর্মেশন ফর্ম পূরণ করে দেবেন।

## সেল্ফ-আইডি প্রক্রিয়ায় অংশ নিন



জরুরি অবস্থায় আপনার অতিরিক্ত সাহায্যের প্রয়োজন হলে, আপনার সেল্ফ-আইডি প্রক্রিয়ায় অংশ নেওয়া উচিত। তার জন্য, এমার্জেন্সি কন্ট্যাক্ট এবং স্পেশাল অ্যাসিস্টেন্স ইনফর্মেশন ফর্ম পূরণ করে দেবেন।

এই প্রণালীর সাহায্যে অক্ষম ভাড়াটেরা Toronto Community Housing-কে সংগোপনে নিজেদের পরিচয় জানিয়ে রাখতে পারে। জরুরি অবস্থায় বা বিল্ডিং খালি করার সময় আপনি যাতে প্রয়োজন মতো সাহায্য পান এই তথ্য ব্যবহার করে ফার্স্ট রেসপন্ডার এবং সাইটের কর্মচারী তা নিশ্চিত করবে।

এই প্রণালী সম্পূর্ণ স্বেচ্ছাকৃত এবং গোপনীয়, আপনাকে নিরাপদ রাখা এর উদ্দেশ্য। বার্ষিক পুনরীক্ষণ প্যাকেজে এমার্জেন্সি কনট্যাক্ট এবং স্পেশাল অ্যাসিস্টেন্স ইনফর্মেশন ফর্ম পাওয়া যায়। অনলাইনে **torontohousing.ca/selfID**-এও আপনি একটা কপি পাবেন। তাছাড়া একটা কপির জন্য আপনি ক্লায়েন্ট কেয়ার সেন্টারেও যোগাযোগ করতে পারেন।

এই ফর্ম আপনার সুপারিন্টেন্ডেন্ট বা টেনান্ট সার্ভিসেস কোঅর্ডিনেটারের কাছে বা আপনার সিনিয়ার্স সার্ভিসেস কোঅর্ডিনেটারের কাছে (যদি আপনি সিনিয়ার্স হাউজিং ইউনিটে বসবাস করেন এবং আপনার এলাকায় ইন্টিগ্রেটেড সার্ভিস মডেল শুরু করা হয়ে থাকে) ফেরত দিয়ে দেবেন। এই ফর্মের বিবরণ আপনার সুপারিন্টেন্ডেন্ট

আপনার বিল্ডিং-এর অগ্নি নিরাপত্তা পরিকল্পনা অর্থাৎ ফায়ার সেফটি প্ল্যানে যোগ করে নেবেন যাতে আপনাকে সাহায্য করার বিষয়ে কর্মচারী বা ফার্স্ট রেসপন্ডারের জানা থাকে।

## "জরুরি অবস্থায়" ফর্ম থেকে এই ফর্মটি কীভাবে আলাদা?

এমার্জেন্সি কন্ট্যাক্ট এবং স্পেশাল অ্যাসিস্টেন্স ফর্ম Toronto Community Housing-এর কর্মচারীর কাছে জমা করা হয়
যাতে জরুরি অবস্থায় আপনার প্রতি মনোযোগ দেওয়ার কথা তাদের জানা থাকে। "জরুরি অবস্থায়" ফর্ম আপনার ইউনিটে থাকবে যাতে সেটা প্যারামেডিক সহজে দেখতে পারে। রোগ, আঘাত বা ভাষায় বাধার কারণে স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারী আপনার সঙ্গে কথা বলতে না পারলে তাদের দরকার মতো সব তথ্য এতে থাকে।

# বিমা



আপনার লীজ অনুযায়ী আপনার জিনিসপত্রের বিমা করানো ও পুনর্নবীকরণ করানো আপনার দায়িত্ব। একে বলা হয় জিনিসপত্রের বিমা বা রেন্টার্স ইনসিওরেন্স। বন্যা বা অগ্নিকাণ্ডের মতো জরুরি অবস্থায় যদি আপনার ইউনিট ক্ষতিগ্রস্ত হয়ে যায়, আসবাব ও ইলেক্ট্রনিক্স সমেত আপনার জিনিসপত্র বদলের দাম দিতে বিমা আপনাকে সাহায্য করবে।

তাছাড়া আইনী খরচ—যেমন, যদি আপনার কোনও কাজের ফলে আগুন লাগে, তার খরচ বহন করাতেও বিমা সাহায্য করতে পারে।

যদি জরুরি অবস্থার কারণে আপনি আপনার ইউনিটে ফিরে আসতে না পারেন তাহলে এই বিমা হোটেলে থাকার বা অন্য ইউনিটে বসবাসের খরচও দিতে পারে।


## সাশ্রয়কর বিমা

কয়েকটা বিমা কোম্পানির এমন কিছু বিমা আছে যা সোশাল হাউজিং-এ বসবাসকারী ভাড়াটেদের পক্ষে বহন করা অপেক্ষাকৃত সাশ্রয়কর। একটা বিকল্প হল Housing Services Corporation, তাদের একটা টেনান্ট ইনসিওরেন্স প্রোগ্রাম (Tenant Insurance Program) আছে। দর এবং কভারেজের তথ্য জানতে আপনি tenant.hscorp.ca দেখতে বা **1-866-940-5111**-এ ফোন করতে পারেন। তাছাড়া আপনার পছন্দ মতো কোম্পানির কাছ থেকেও আপনি বিমা কিনতে পারেন।

আপনার উপার্জনের কিছু অংশ বা সম্পূর্ণ উপার্জন কি Ontario Works বা অন্টারিও ডিসেবিলিটি সাপোর্ট প্রোগ্রাম (Ontario Disability Support Program) থেকে আসে? এই প্রোগ্রামগুলি জিনিসপত্রের বিমার খরচ বহন করতে পারে। আরও তথ্য জানতে আপনার কেস ওয়ার্কারের সঙ্গে কথা বলুন।

আপনার জন্য কোন ধরণের বিমা উপযুক্ত সে বিষয়ে আপনার যদি কোনও প্রশ্ন থাকে, তাহলে Insurance Bureau of Canada (ইনসিওরেন্স বিউরো অফ কানাডা) **416-362-2031**-এ ফোন করুন।

# পোষ্য এবং পশু নিরাপত্তা



ভাড়াটের পোষ্যের আচরণ যেমন চিৎকার করা, কামড়ানো, নোংরা পরিষ্কার করা তাদের দায়িত্ব। ভূসম্পত্তিতে আপনার অতিথিরা যে পোষ্য আনবে তাও আপনার দায়িত্ব।

আপনার ইউনিটে যতগুলি ও যে ধরণের পশু রাখতে পারেন তাতে সিটি অফ টরন্টোর (City of Toronto) পশু উপধারার বাধা নিষেধ আছে।

আপনার লীজে পোষ্যদের বিষয়ে নিয়ম আছে:

- প্রত্যেকটা পশু যাতে সব সময় কলার ও পরিচয়সূচক ট্যাগ পরে থাকে তা নিশ্চিত করুন।
- আপনার ইউনিটের বাইরে বা বাইরের সর্বজনীন এলাকায় আপনার পোষ্যকে রশি দিয়ে বেঁধে রাখবেন।
- আপনার পোষ্য অন্যদের সম্পত্তি বা জিনিসপত্র নষ্ট করতে পারবে না।
- আপনার পোষ্য অন্যদের বিরক্ত বা উপদ্রব করতে পারবে না।
- আপনার পোষ্যকে কখনও বারান্দায় একা ফেলে রাখবেন না।
- যদি রক্ষণাবেক্ষণ বা মেরামতের জন্য কর্মীরা আপনার ইউনিটে আসে, তারা যেখানে কাজ করবে সেখান থেকে আপনার সব পোষ্যদের দূরে নিরাপদে রাখতে হবে।

# জরুরি অবস্থায় পোষ্য

যদি জরুরি অবস্থায় আপনাকে বাড়ি ছেড়ে যেতে হয়, আপনার পোষ্যদের ফেলে রেখে যাবেন না। তারা হারিয়ে যেতে বা আহত হতে পারে। জরুরি অবস্থায় পোষ্যদের সামলানোর বিকল্পের বিষয়ে,
Toronto Animal Services **3-1-1**-এ যোগাযোগ করুন।

Toronto Community Housing পশু চিকিৎসার খরচ দেবে না। আপনার কাছে পোষ্য বিমা থাকা দরকার অথবা আপনার পোষ্য বা সেবারত পশুকে সুরক্ষিত রাখা ও যত্নের দাম দিতে হবে।

# অগ্নি নিরাপত্তা

অগ্নি নিরাপত্তা প্রত্যেকের দায়িত্ব। এই নির্দেশগুলি মেনে চললে আপনি নিজেকে নিরাপদ রাখায় সাহায্য করতে পারবেন।

## প্রস্তুত থাকুন

আপনার বিল্ডিং-এর অগ্নিকাণ্ডের মতো জরুরি অবস্থা তৈরি হলে কীভাবে মোকাবিলা করতে হয় তা মনে করে রাখুন। আপনি যদি বিল্ডিং-এ বসবাস করেন, আপনার বিল্ডিং-এর ফায়ার সেফটি প্ল্যানে অগ্নিকাণ্ডে কী করণীয় সে বিষয়ে তথ্য আছে এবং তাকে বলা হয় “বাসিন্দার তথ্য”। আপনি হয়তো ইতোমধ্যে এই প্ল্যানের একটা কপি পেয়েছেন, তবে ক্লায়েন্ট কেয়ার সেন্টার থেকে আরও কপি পেতে পারেন।


আপনি যত রকম ভাবে প্রস্থান করতে পারেন সে সব উপায় সমেত আপনার ইউনিট, বিল্ডিং বা টাউনহোমের লেআউটের ব্যাপারে জেনে রাখুন।



যদি জরুরি অবস্থায় আপনার সাহায্যের প্রয়োজন হয়, সেল্ফ-আইডি প্রক্রিয়ায় অংশ নিন এবং এমার্জেন্সি কনট্যাক্ট এবং স্পেশাল অ্যাসিস্টেন্স ইনফর্মেশন ফর্ম পূরণ করে দিন। আপনার বিল্ডিং-এর ফায়ার সেফটি প্ল্যানে আপনার নাম যোগ করা হবে যাতে আপনাকে সাহায্য করার বিষয়ে কর্মচারী বা ফার্স্ট রেসপন্ডারের জানা থাকে।

অগ্নিকাণ্ডের কারণে যদি আপনাকে বাসস্থান ছেড়ে যেতে হয় সেই জন্য Toronto Community Housing-কে আপনার সাম্প্রতিকতম যোগাযোগের তথ্য জানিয়ে রাখবেন।

## পরিত্রাণের পথের প্ল্যান করে রাখবেন।




আপনার বাড়ির ফ্লোর প্ল্যান এঁকে এবং প্রস্থানের পথে স্পষ্ট চিহ্ন দিয়ে আপনি সহজেই নিজের পরিত্রাণের পথ তৈরি করতে পারেন।

ছোট ছেলেমেয়ে থাকলে তাদের নিয়ে আপনার পরিবারের সবার সঙ্গে পরিত্রাণের পথে বেরোনোর অভ্যাস করে রাখবেন।

জরুরি অবস্থায় ইউনিট ছেড়ে যেতে হলে ছোট ছেলেমেয়ে ও পোষ্যদের সাহায্যের দায়িত্ব কার কাছে থাকবে তা স্থির করে নেবেন।

# এর জন্য পরিত্রাণের পথ:

________________________________________

আপনার ঠিকানা পূরণ করে দিন

আপনার বাড়ির একটা ফ্লোর প্ল্যান এঁকে প্রত্যেকটা রুম থেকে বাইরে যাওয়ার পথগুলিতে চিহ্ন দিয়ে রাখবেন। যদি আপনি অ্যাপার্টমেন্টে থাকেন, আগুন লাগলে পরিত্রাণের পথ বা সিঁড়িতে চিহ্ন দিয়ে রাখবেন

এই গ্রিডের আরও কপি ডাউনলোড ও কপি করার জন্য **torontohousing.ca/home-escape** দেখুন।

# যদি আগুন লাগে

নিরাপদ মনে হলে, আপনার ইউনিট ছেড়ে বাইরে চলে যান ও যাওয়ার সময় দরজা বন্ধ করে যাবেন। কখনও এলিভেটার ব্যবহার করবেন না। সবচেয়ে কাছের প্রস্থান পথ ব্যবহার করবেন। যদি আপনি নিরাপদে প্রস্থান করতে পারেন, থামবেন না বা কোনও কারণে ফিরে যাবেন না। যখন আপনার বিল্ডিং-এ ফিরে যাওয়া নিরাপদ হবে টরন্টো ফায়ার সার্ভিস আপনাকে জানিয়ে দেবেন।





# আপনি যদি কোনও উঁচু (ছয় তলার বেশি) বিল্ডিং-এ বসবাস করেন

যদিও আগুন লাগলে বিল্ডিং-এর বাইরে থাকা সবচেয়ে নিরাপদ, তবে যদি ইউনিটে ধোঁয়া না ঢোকে তাহলে আপনার ভিতরে থাকা এবং এমার্জেন্সি সার্ভিসের (জরুরি পরিষেবাসমূহ) কর্মচারীর নির্দেশের জন্য অপেক্ষা করা নিরাপদ হবে। তারা প্রত্যেকের দোর গোড়ায় যাবে বা বিল্ডিং-এর ইন্টারকম সিস্টেম ব্যবহার করে।



# আপনি যদি নিরাপদে বাইরে চলে যেতে না পারেন তাহলে কী করণীয়

যদি আপনার সব কটা প্রস্থান পথ ধোঁয়া বা আগুনের জন্য আটকে থাকে বা যদি আপনি সহজে বেরোতে না পারেন, আপনার ইউনিটেই থাকবেন। আপনার সামনের দরজা বন্ধ রাখবেন। ধোঁয়া বাইরে রাখতে ভেজা তোয়ালে বা চাদর দিয়ে সব ফাটল বন্ধ করে নেবেন। আপনি যে আপনার ইউনিটে আছেন তা দমকল বিভাগকে জানাতে **9-1-1**-এ



ফোন করবেন। সম্ভব হলে, সাহায্যের জন্য সঙ্কেত পাঠাতে বারান্দা বা খোলা জানালা থেকে হালকা রং-এর কাপড় দিয়ে ইশারা করবেন বা ঝুলিয়ে রাখবেন।

যদি আপনার ইউনিটের দরজা থেকে ধোঁয়া ঢোকা আটকাতে না পারেন, সামনের হলওয়ে এবং আপনার মাঝে যতগুলি সম্ভব দরজা রাখবেন। যেমন, বেডরুমে গিয়ে দরজা বন্ধ করে নেবেন যাতে আপনার ও ধোঁয়ার মধ্যে একটা হলওয়ে ও দরজা থাকে।

## যদি কাপড়ে আগুন লাগে

আগুনের শিখা নিভিয়ে দেওয়ার জন্য নাগালের মধ্যে কিছু রাখুন, যেমন কম্বল বা তোয়ালে। আপনি বা কাছাকাছি যে আছে সে আগুন নেভাতে সেটা ব্যবহার করতে পারে।



যদি নিচে শুয়ে পড়তে পারেন, মেঝেতে শুয়ে কম্বল বা তোয়ালে জড়িয়ে নিন।

## আপনার অনুপস্থিতিতে যদি আগুন লাগে

যত তাড়াতাড়ি সম্ভব ক্লায়েন্ট কেয়ার সেন্টার **416-981-5500**-এ ফোন করুন। তার ফলে সাইটের কর্মচারী বুঝতে পারবেন যে আপনি নিরাপদ আছেন ও আপনার উদ্ধারের জন্য গণনায় আছেন।

## Toronto Community Housing অগ্নিকাণ্ডে কী ব্যবস্থা করে

- টরন্টো ফায়ার সার্ভিসকে সাহায্য করতে ক্লায়েন্ট কেয়ার সেন্টার সাইটে কমিউনিটি সেফটি ইউনিট পাঠিয়ে দেয়।
- টরন্টো ফায়ার সার্ভিস বিল্ডিং-এর ফায়ার সেফটি প্ল্যান বক্স খোলে। যাদের বেরোতে সাহায্য দরকার তাদের একটা তালিকা এতে থাকে। তারা প্রত্যেকের দোর গোড়ায় পৌঁছায় বা ইন্টারকমে নির্দেশ ঘোষণা করে।
- যে সব ভাড়াটেদের বাইরে আনা হয়েছে তাদের জন্য কাছাকাছি একটা প্রতীক্ষাস্থল তৈরি করতে কমিউনিটি সেফটি ইউনিট সাহায্য করে।
- ক্লায়েন্ট কেয়ার সেন্টার ঘটনা এবং সাড়া দেওয়ার হালখবর কর্মচারীদের জানাতে থাকে।

## অগ্নিকাণ্ডের পর

- আপনি কেমনভাবে ও কোথায় আছেন তা আপনার পরিবার ও বন্ধুদের জানাতে তাদের সঙ্গে যোগাযোগ করুন।
- যদি আপনাকে বাড়ির বাইরে থাকতে হয়, পরবর্তী পদক্ষেপের বিষয়ে Toronto Community Housing আপনাকে হাল খবর জানিয়ে রাখবে। প্রয়োজনে অন্যত্র গিয়ে বসবাস করতে বা যখন নিরাপদ হবে তখন আবার আপনার ইউনিটে ঢুকতে আপনাকে তারা সাহায্য করবে।

- Toronto Community Housing আপনাকে যতক্ষণ না নিরাপদ বলে জানাবে ততক্ষণ আপনার বাড়িতে ঢুকবেন না।
- আপনার বিমা প্রদানকারীকে যোগাযোগ করবেন। অগ্নিকাণ্ডের বিষয়ে তাদের জানাবেন এবং কীভাবে আপনার দাবিতে কাজ শুরু করা যায় জেনে নেবেন।
- Toronto Community Housing বিল্ডিং-এর ক্ষতি মূল্যায়ন করবে। যখন মেরামত করা নিরাপদ হবে তখন তা শুরু করা হবে। Toronto Community Housing আপনাকে জানিয়ে দেবে।

# অগ্নিকাণ্ডে বাধা দেওয়া
## বাড়িতে সাধারণ অগ্নিকাণ্ড ঘটলে


অতিরিক্ত অগোছালো থাকলে অগ্নিকাণ্ড ঘটতে পারে। নিরাপদ থাকতে, অগোছালো পরিবেশ কম করবেন। আপনার ইউনিট থেকে বাইরে যাওয়ার পথ বাধাহীন আছে কিনা নিশ্চিত করবেন।




জিনিস জমা করতে বারান্দা ব্যবহার করবেন না। বারান্দায় রাখা জিনিস বেরোনোর পথে বাধা দিতে পারে ও তাতে সহজে আগুন লাগতে পারে। বারান্দায় আগুন লাগা খুব বিপজ্জনক কারণ প্রায়ই তা ধরা পড়ে না এবং নিয়ন্ত্রণের বাইরে চলে যায়।




আপনার লীজ অনুযায়ী, আপনার বাড়িতে স্পেস হিটার সমেত বাড়তি কোনও হিটিং ইউনিট ব্যবহার করতে হলে Toronto Community Housing-এর লিখিত অনুমতি নিতে হবে। যদি আপনি স্পেস হিটার ব্যবহার করেন, আগুনে জ্বলে যেতে পারে এমন জিনিস থেকে সেটা কমপক্ষে তিন ফুট (এক মিটারের বেশি) দূরে রাখবেন। সেটা সব সময় দেওয়ালে আউটলেটে প্লাগ করবেন।



বিচক্ষণ উপায়ে এক্সটেনশন কর্ড ও পাওয়ার বার ব্যবহার করবেন।
আপনি যা ব্যবহার করছেন না সে সবের প্লাগ খুলে যা দরকার তার জন্য জায়গা তৈরি করে নেবেন, কোনও আউটলেটের বোঝা অত্যধিক বাড়াবেন না।
দুই-স্লটের আউটলেটে কখনও জোর করে তিন দাঁড়ার কর্ড ঢোকাবেন না।





ইলেক্ট্রিকের সব তার আপনার কার্পেটের উপর দিয়ে নেবেন, তলা দিয়ে না। কার্পেটের নিচে থাকলে তার নষ্ট হয়ে যায়। এই অদেখা ক্ষতির ফলে তার বেশি গরম হয়ে আগুন লাগতে পারে।

অতিরিক্ত অগোছালো থাকলে অগ্নিকাণ্ড ঘটতে পারে। নিরাপদ থাকতে, অগোছালো পরিবেশ কম করবেন। আপনার ইউনিট থেকে বাইরে যাওয়ার পথ বাধাহীন আছে কিনা নিশ্চিত করবেন।

# অসাবধান হয়ে রান্না করা

বাড়িতে আগুন লাগা ও আগুন সংক্রান্ত আঘাত লাগার সব চেয়ে সুপরিচিত কারণ রান্না। এই টিপস গুলি মেনে নিরাপদ থাকুন।


যে সব জিনিসে আগুন লাগতে পারে সে সব ওভেন, স্টোভ, মাইক্রোওয়েভ ও অন্যান্য রান্নার সরঞ্জাম থেকে দূরে রাখবেন। যেমন, যখন এইগুলি ব্যবহার করবেন না তখন এইগুলি থেকে খাবারের প্যাকেজ, তোয়ালে, ওভেনের দস্তানা ও কাঠের বাসন দূরে রাখবেন।



আপনার রান্নার সরঞ্জাম পরিষ্কার করে রাখবেন। তাতে আছে ওভেন, স্টোভ-টপ, মাইক্রোওয়েভ এবং টোস্টার।
খাবার ও তরল বিশেষ করে তৈলাক্ত জিনিসে সহজেই আগুন লাগতে পারে।



রান্না করার সময় কখনও আপনার স্টোভের থেকে দূরে যাবেন না। যদি আপনার কিচেন থেকে নেহাতই বাইরে যেতে হয়, স্টোভ বন্ধ করে রান্নার পাত্র উত্তপ্ত জিনিস থেকে নামিয়ে রাখবেন।



রান্নার সরঞ্জাম সর্বদা সরাসরি দেওয়ালের আউটলেটে প্লাগ করবেন।



যদি কোনও সরঞ্জামের ইলেক্ট্রিকের তার ক্ষতিগ্রস্ত বা ফাটা হয় তাহলে সেটা ব্যবহার করবেন না— তার ফলে অগ্নিকাণ্ডে আরও বেশি বিপদ ঘটতে পারে।

## রান্নাঘরে আগুন লাগলে কী করণীয়



যদি তৈলাক্ত জিনিসের ফলে আগুন লাগে, তা নেভাতে কখনও জল ব্যবহার করবেন না। জলের ফলে তৈলাক্ত জিনিসের ফলে লাগা আগুন আরও বাড়তে পারে।

যদি পারেন তাহলে আগুন নেভাতে পাত্রের উপরে সাবধানে পাত্রের ঢাকনা বা কুকি শীট স্লাইড করে চাপ দিয়ে দেবেন। স্টোভ বার্নার বন্ধ করে দেবেন। পাত্রটা সরাবেন না। পাত্র ঠান্ডা না হওয়া পর্যন্ত ঢেকে রাখবেন।

আপনার রান্নাঘরে রাখার জন্য একটা এবিসি (বহু ব্যবহারযোগ্য) ফায়ার এক্সটিংগুইজার কেনার বিষয়ে বিবেচনা করে দেখুন।

যদি আপনার ওভেনে আগুন লাগে, সেটা বন্ধ করে দেবেন। ওভেনের দরজা বন্ধ রাখবেন। ভিতরের জিনিস ঠান্ডা হতে দিন।

যদি ওভেন থেকে আগুনের শিখা বাইরে আসে বা তখনই সহজে আগুন নেভানো না যায়, বাড়ি ছেড়ে বাইরে চলে যান ও যাওয়ার সময় দরজা বন্ধ করে যাবেন। আপনার বিল্ডিং-এ সবচেয়ে কাছাকাছি যে ফায়ার অ্যালার্ম আছে সেটা বাজিয়ে দেবেন। নিরাপদ জায়গা থেকে তৎক্ষণাৎ **9-1-1**-এ ফোন করে দেবেন।



## “ধূমপান নিষেধ”-এর নতুন নীতি



Toronto Community Housing আমাদের ভূসম্পত্তিতে “ধূমপান নিষেধ”-এর একটা নীতি বলবৎ করতে চলেছে। এই নীতি কার্যকর হওয়ার পরে যে সব ভাড়াটে লীজে স্বাক্ষর করবেন তাদের লীজে বর্ণিত ধূমপানে নিষেধাজ্ঞা মেনে চলতে হবে।

এই নীতি কার্যকর হওয়ার আগে যেসব ভাড়াটে লীজে স্বাক্ষর করেছেন নিজেদের ইউনিটের ভিতরে এবং তাদের বারান্দায় ধূমপান করতে পারবেন যদি তারা এইগুলি না করেন:

- বিল্ডিং-এ অন্যদের বিরক্ত করা
- বিল্ডিং-এ অন্যদের জন্য বিপদের কারণ হওয়া

সব ক্ষেত্রে, বিল্ডিং-এর যে কোনও সর্বজনীন স্থানে (সিঁড়ি, হলওয়ে, গ্যারেজ ও অন্যান্য) বা বিল্ডিং পরিসরের প্রবেশ দ্বারের নয় মিটারের মধ্যে ধূমপানের অনুমতি নেই।

## অসাবধান হয়ে ধূমপান


অসাবধান হয়ে বাড়িতে ধূমপান করা অগ্নিকাণ্ডজনিত মৃত্যুর অন্যতম কারণ। আধ পোড়া সিগারেট বেশ কয়েক ঘন্টা ধিকিধিকি করে জ্বলার পরে বড় ধরণের আগুন লাগাতে পারে।




বাইরে ধূমপানের সবচেয়ে নিরাপদ জায়গা।

বাইরে ধূমপান করার সময়, আপনার বিল্ডিং পরিসরের প্রবেশ দ্বার বা প্রস্থান পথ থেকে কমপক্ষে নয় মিটার (প্রায় ৩০ ফুট) দূরে থাকা উচিত। আপনি যদি বিল্ডিং-এর খুব কাছে ধূমপান করেন শহরের উপধারা অনুসারে আপনার জরিমানা হতে পারে।

বারান্দা দিয়ে কখনও আধ পোড়া সিগারেট ছুঁড়ে ফেলবেন না। বারান্দায় আগুন লাগলে সেটা সবচেয়ে বিপজ্জনক। কারণ তা চোখে পড়ার আগে জ্বলতে জ্বলতে ছড়িয়ে পড়তে পারে।



গভীর, মজবুত অ্যাশট্রে ব্যবহার করবেন। সিগারেট ও ধূমপানের অন্যান্য উপকরণ বাইরে রাখা নিশ্চিত করুন—জ্বলন্ত বা আধপোড়া সিগারেট ফেলে রেখে চলে যাবেন না। পুড়ে যেতে পারে এমন সব জিনিস থেকে অ্যাশট্রে দূরে রাখবেন। নিয়মিত সেটা খালি করবেন।



ধূমাপেনর উপকরণ নাগালের বাইরে রাখবেন। ছোটদের শিখিয়ে দিন দেশলাই ও লাইটার খেলার জিনিস না, এবং যদি ধূমপানের কোনও উপকরণ তাদের চোখে পড়ে তারা যেন অবিলম্বে বড়দের জানায়।



ই-সিগারেটের ফলে আগুন লাগতে পারে। আপনি সেটা ব্যবহার করার সময় বা চার্জ করার সময় এমন ঘটতে পারে। আপনার সঙ্গে রাখার সময়ও এমন হতে পারে। ই-সিগারেট চার্জ করার সময় কখনও ফেলে রেখে যাবেন না বা সারারাত প্লাগ করে রাখবেন না।



আপনার ঘুম পেলে বা মদ খাওয়ার সময় ধূমপান করবেন না। বিছানায় কখনও ধূমপান করবেন না।




যদি মেডিকাল অক্সিজেন বা অন্য কোনও কমপ্রেসড গ্যাস ব্যবহার করেন তাহলে আপনার কাছাকাছি বা যেখানে সেটা রাখেন তার আশেপাশে কাউকে ধূমপান করতে দেবেন না।




## মোমবাতি

মোমবাতিগুলি ঠিক মতো ব্যবহার করা না হলে গুরুতর অগ্নিকাণ্ড ঘটতে পারে। মোমবাতি জ্বালানোর সময় বিপদ কম করার জন্য আপনি বেশ কয়েকটা কাজ করতে পারেন।

মজবুত, নিরাপদ মোমবাতি হোল্ডার ব্যবহার করুন যা পুড়ে যাবে না বা উল্টে পড়বে না। বেডরুম, বাথরুম বা ঘুমানোর জায়গায় মোমবাতি জ্বালাবেন না। যখন রুমের বাইরে যাবেন বা শুতে যাবেন তখন সেটা নিভিয়ে দেবেন।




মোমবাতি, দেশলাই এবং লাইটার পোষ্য ও ছোটদের নাগালের বাইরে রাখুন।



## চারিপাশ খালি রাখুন

যে সব জিনিসে আগুন লাগতে পারে, যেমন পর্দা এবং উৎসবের সাজসজ্জা বা ডিসপ্লে থেকে জ্বলন্ত মোমবাতি অন্তত 12 ইঞ্চি (30 সেন্টিমিটার) দূরে রাখবেন।




## ঐগুলি বোজানো আছে কিনা সে বিষয়ে নিশ্চিন্ত হয়ে নেবেন



মোমবাতি সম্পূর্ণ বোজানো হয়েছে সে বিষয়ে নিশ্চিন্ত হওয়ার একটা ভালো উপায় হলো সলতে ভিজিয়ে নেওয়া। দেশলাই বোজানোর পরেও এটা করতে পারেন।



## আরেকটা বিকল্প বেছে নিন।

তার বদলে শিখাবিহীন মোমবাতি ব্যবহারের কথা ভেবে দেখুন।

# আপনার স্মোক অ্যালার্ম সচল অবস্থায় রাখুন

সচল স্মোক অ্যালার্ম আপনার জীবন বাঁচাতে পারে। ধোঁয়া খুব তাড়াতাড়ি ছড়িয়ে পড়ে। স্মোক অ্যালার্ম আপনাকে আগেই সতর্ক করে দেবে, যাতে আপনি নিরাপদে অগ্নিকাণ্ড থেকে পালাতে পারেন।

আপনি ইতোমধ্যে নিশ্চয় আপনার স্মোক অ্যালার্মের পুস্তিকার একটা কপি পেয়েছেন। আপনার স্মোক অ্যালার্ম কীভাবে কাজ করে ও কিভাবে সেটা পরীক্ষা করতে হয় তা পুস্তিকায় জানানো হয়েছে। আপনি স্মোক অ্যালার্ম পুস্তিকার আরেকটি কপি পেতে চাইলে ক্লায়েন্ট কেয়ার সেন্টারে যোগাযোগ করুন।

# নিয়মিত পরীক্ষা করা




বার্ষিক ইউনিট পরিদর্শন প্রণালীর অংশ হিসাবে আমাদের কর্মচারী যখন আপনার ইউনিটে আসবেন তখন আপনার স্মোক অ্যালার্ম কাজ করছে কিনা যাচাই করবেন। প্রত্যেক মাসে আপনার স্মোক অ্যালার্ম নিজে পরীক্ষা করে নেওয়া উচিত। টেস্ট বোতাম টিপে অ্যালার্মের শব্দ শুনুন। যদি আপনার স্মোক অ্যালার্ম কাজ না করে, তখনই সাইটের কর্মচারীকে জানান বা ক্লায়েন্ট কেয়ার সেন্টারে যোগাযোগ করুন।

# জাল অ্যালার্ম প্রতিরোধ করুন




স্মোক অ্যালার্ম আপনার স্টোভ থেকে দূরে বসানো উচিত। রান্নার সময় প্রায়ই যদি ভুয়া অ্যালার্ম বেজে ওঠে আপনার সুপারিন্টেন্ডেন্টের সঙ্গে কথা বলুন। আপনার স্মোক অ্যালার্ম সরানোর দরকার হতে পারে। যখন ভুয়া অ্যালার্ম বাজবে, একটা "নীরব" করার বোতাম আছে যা আপনি টিপে দিতে পারেন। এর ফলে যতক্ষণ না বাতাস পরিষ্কার হয় ততক্ষণ অল্প সময়ের জন্য এটা থেমে যাবে।

## বধির বা কানে কম শোনেন?



আপনার জন্য বিশেষ স্মোক অ্যালার্ম ও সতর্কীকরণের ডিভাইস তৈরি করা হয়েছে। আপনার প্রয়োজন হলে, আপনার সুপারিন্টেন্ডেন্ট বা আপনার টেনান্ট সার্ভিস কোঅর্ডিনেটার বা আপনার সিনিয়ার সার্ভিস কোর্ডিনেটারকে (যদি আপনি সিনিয়ার্স হাউজিং ইউনিটে বসবাস করেন এবং আপনার এলাকায় ইন্টিগ্রেটেড সার্ভিস মডেল শুরু করা হয়ে থাকে) জানান।

## স্মোক অ্যালার্মে হস্তক্ষেপ করবেন না



আপনি নিজেকে, আপনার পরিবারকে এবং আপনার প্রতিবেশীকে বিপন্ন করবেন। স্মোক অ্যালার্মে হস্তক্ষেপে, নিষ্ক্রিয় করবেন না বা সরিয়ে দেবেন না। আপনাকে মেরামতের দাম দিতে হতে পারে, $100,000 পর্যন্ত জরিমানা হতে পারে বা আপনাকে তাড়িয়ে দেওয়া যায়।

# সাধারণ এলাকায় অগ্নিকান্ড

আপনার বিল্ডিং-এর সাধারণ এলাকা যেমন হল, প্রস্থানপথ এবং সিঁড়ি সবার জন্য নিরাপদ হওয়া উচিত। এইগুলি অগ্নিকাণ্ডের থেকে বিপদ-মুক্ত রাখুন।

## হলওয়ে শুধু মানুষের জন্য




সব সময় হলওয়ে এবং জরুরি অবস্থায় প্রস্থান পথ বাধামুক্ত রাখবেন। যে সব জিনিস অগ্নিকাণ্ড বাড়াতে পারে বা আপনার বেরোনোর পথে বাধা দিতে পারে *অন্টারিও ফায়ার কোড (Ontario Fire Code)* সেসব সারানোর অধিকার কর্মচারীদের দিয়েছে। যদি আপনার নিজস্ব জিনিসপত্র সরানো বা ফেলে দেওয়া হয় তার খেসারত আপনাকে দেওয়া হবে না। আপনার দরজা, হলওয়ে, লবি এবং প্রস্থান পথে যেসব জিনিস রাখা নিষেধ, তবে এইগুলিতে সীমিত না:

- উৎসবের শোভাবর্ধক, যেমন দরজার সদাজসজ্জা বা হ্যাঙ্গার
- ফুল (প্লাস্টিক বা আসল)
- পাপোষ
- উৎসবের মালাবিশেষ বা তোরণ
- বাইক
- স্ট্রলার

## বন্ধ দরজা মানে সুরক্ষিত দরজা।

ধোঁয়া ও আগুন ছড়াতে দরজা বাধা দেয়। আমাদের বিল্ডিং-এর সাধারণ হলওয়ে ও ইউনিটের মাঝের দরজাগুলি আগুন প্রতিরোধক, মানে কিছু সময়ের জন্য এইগুলি উত্তাপ ও আগুনের শিখায় বাধা দিতে পারে। আপনার ইউনিটের দরজা ও সিঁড়ির দরজা সবসময় বন্ধ রাখবেন।




## আবর্জনা ডিসপোসালে ফেলা হয়

আবর্জনার শ্যুট পরিষ্কার করে, ঢাকনা বন্ধ করে ও আশেপাশের জায়গা পরিচ্ছন্ন করে রাখবেন পরিচ্ছন্ন, চালু নোংরার শ্যুট এবং ঢাকনা অগ্নিকাণ্ডের আশঙ্কা কম করে।




## সিঁড়ি বাধাহীন রাখবেন

সিঁড়িতে কখনও জিনিস ফেলে রাখবেন না বা সিঁড়ি কোনওভাবে আটকে রাখবেন না। জরুরি অবস্থায় লোকেরা যাতে নিরাপদে বিল্ডিং ছেড়ে বাইরে যেতে পারে সেইজন্য এইগুলি নিরাপদ ও বাধাহীন হওয়া উচিত।



অগ্নি-রোধে নিরাপত্তা সবার দায়িত্ব। আগুন লাগায় বাধা দেওয়া ও নিরাপদ থাকার টিপসের জন্য **torontohousing.ca/firesafety** দেখুন।



# মরসুমী নিরাপত্তা

বছরের কিছু সময়ে আবহাওয়ায় পরিবর্তনের ফলে নিরাপত্তা নিয়ে উদ্বেগ হতে পারে। নিরাপদ থাকার জন্য আপনি কী করতে পারেন জেনে রাখুন।

## গ্রীষ্মকালীন নিরাপত্তা


### বাইরে জ্বালানো



আপনার কাছাকাছি সর্বজনীন আতশবাজির সন্ধান করতে **3-1-1** ফোন করুন।

Toronto Community Housing-এর ভূসম্পত্তিতে কখনওই আতশবাজি ও ক্যাম্পফায়ারের অনুমতি দেওয়া হয় না। তার ফলে আঘাত, আগুন লাগতে পারে ও বাড়ির ক্ষতি হয়ে যেতে পারে।


### ভালো করে সিগারেট নেভাবেন



সব সময় সিগারেট ফেলতে সবসময় ঢাকনা সহ অ্যাশট্রে বা গভীর, মজবুত পাত্র ব্যবহার করবেন। ঐগুলি ঘাসে, ঝোপে বা আপনার বারান্দা দিয়ে বাইরে ফেলবেন না।

## গ্রিল করার সময় সাবধান

বারান্দায় বার্বেকিউ ও গ্রিলের অনুমতি নেই। Toronto Community Housing কয়েকটা বিল্ডিং-এ বাইরের সর্বসাধারণের এলাকায় বার্বেকিউ-এর অনুমতি দেয়। আপনার বিল্ডিং-এ কোথাও বার্বেকিউ করার অনুমতি আছে কিনা আপনার সুপারিন্টেন্ডেন্টের কাছ থেকে জেনে নিন। বার্বেকিউ বিল্ডিং-এর ধার থেকে ও যে সব জিনিসে আগুন লাগতে পারে সে সব থেকে কমপক্ষে 4.5 মিটার (প্রায় 15 ফুট) দূরে রাখবেন। প্রোপেন ট্যাঙ্ক ব্যবহার না করা হলে বিচ্ছিন্ন করে রাখবেন। সে সব নিরাপদে তালাবন্ধ করে রাখবেন।



# বাইরে কাপড়ে আগুন লাগলে কী করণীয়

আপনার কাপড়ে আগুন লাগলে, থামুন, শুয়ে পড়ুন ও গড়াতে শুরু করুন।

দৌড়াদৌড়ি করবেন না। যা করছেন তা থামিয়ে, মাটিতে শুয়ে পড়ুন ও হাত দিয়ে আপনার মুখ ঢেকে নিন। তারপর যতক্ষণ না আগুন নিভছে ততক্ষণ পর্যন্ত মাটিতে এপাশ ওপাশ গড়াগড়ি দিন।

যদি থেমে, শুয়ে গড়াগড়ি দেওয়া সম্ভব না হয়, আগুন নেভাতে আপনি বা কাছাকাছি অন্য কেউ কাপড় বা মোটা ফ্যাব্রিক (জ্যাকেট বা কম্বল) ব্যবহার করতে পারেন।





# গরমে ঠান্ডা থাকা

গরমকালে Toronto Community Housing প্রতিটি বিল্ডিং-এর হিটিং সিস্টেম বন্ধ করে কূলিং সিস্টেম চালু করে দেয়। যদি আপনার ইউনিটের তাপমান নিয়ে আপনার কোনও সমস্যা থাকে, ক্লায়েন্ট কেয়ার সেন্টারে যোগাযোগ করুন।

রোদ আটকাতে দিনের বেলায় আপনার পরদা বা ব্লাইন্ড দিয়ে ঢেকে রাখুন। আলো বন্ধ করে রাখুন এবং আপনি যে সব সরঞ্জাম ব্যবহার করছেন না সেইগুলির প্লাগ খুলে রাখুন। ব্যবহার না করা হলেও সেইগুলি তাপ সৃষ্টি করে।

ফ্যানে হাওয়া ঠান্ডা হয় না—শুধু চারিপাশে ছড়িয়ে পড়ে। গরম বাতাসের সংস্রবে আপনার আরও তাড়াতাড়ি গরমে শরীর খারাপ হতে পারে। প্রধান কাজ হলো যথেষ্ট জল খাওয়া। তেষ্টা যদি নাও পায় তাহলেও প্রচুর জল খাবেন।



## উত্তাপ সতর্কীকরণ


যদি পর পর দুদিন বা তার বেশি সময় যাবৎ দিনের বেলার সর্বাধিক তাপমান 31C বা তার চেয়ে গরম, এবং রাতের সর্বনিম্ন তাপমান 20C বা তার চেয়ে গরম হয় তাহলে পরিবেশ দপ্তর এনভায়রনমেন্ট অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ কানাডা উত্তাপ সতর্কীকরণ ঘোষণা করে।

যদি পর পর দুদিন বা তার বেশি সময় যাবৎ হিউমিডেক্স ভ্যালু 40C বা তার বেশি হয় সে ক্ষেত্রে অত্যধিক আর্দ্রতার সতর্কীকরণও করা হয়।

Toronto Community Housing-এর কয়েকটা বিল্ডিং-এ উত্তাপ সতর্কীকরণে কর্মচারী কূলিং রুম তৈরি করে রাখে। কর্মচারী কূলিং রুমের নোটিস টাঙিয়ে দেবে।

যদি আপনার বিল্ডিং-এ কূলিং রুম না থাকে, নিকটতম এয়ার কন্ডিশন করা সর্বজনীন স্থান কোথায় আছে তা নোটিসে আপনাকে জানিয়ে দেওয়া হবে। আপনার কাছাকাছি ঠান্ডা জায়গার খোঁজ করতে আপনি **3-1-1**-এ ফোন করতে পারেন বা **toronto.ca/cool-space** দেখতে পারেন।

## এয়ার কন্ডিশনারের নিরাপত্তা



আপনার ইউনিটে শুধু মেঝেতে রাখার এয়ার কন্ডিশনারের অনুমতি আছে। জানালার এয়ার কন্ডিশনারের অনুমতি নেই।

আপনার এয়ার কন্ডিশনারের বিষয়ে যদি কোনও প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার সুপারিন্টেন্ডেন্টকে জিজ্ঞাসা করুন বা ক্লায়েন্ট কেয়ার সেন্টারে **416-981-5500**-এ ফোন করুন।


## সুইমিং পুলের নিরাপত্তা



Toronto Community Housing-এর কয়েকটা বিল্ডিং-এর ভিতরে সুইমিং পুল আছে। সারা বছর বিল্ডিং-এর ভাড়াটেরা এইগুলি ব্যবহার করতে পারেন। Toronto Community Housing-এর কয়েকটা ভূসম্পত্তিতে বাইরেও সুইমিং পুল আছে।

গরমকালে শুধু ঐ কমিনিটির ভাড়াটেরাই না, Toronto Community Housing-এর সব ভাড়াটেরা এইগুলি ব্যবহার করতে পারে।

## নিয়মগুলি পড়ুন



সব ক'টি পুলে স্বাস্থ্য ও নিরাপত্তার নিয়ম টাঙানো থাকে। আপনি পুল ব্যবহারের আগে সে সব নিয়মের বিষয়ে অবশ্যই জেনে নেবেন। যেমন, 10 বছরের কম বয়সী শিশুরা পুলে বা তার আশেপাশে থাকলে সর্বদা তাদের সঙ্গে একজন প্রাপ্তবয়স্ক থাকা দরকার।

## সাঁতারের ক্লাস

আমাদের পুলে আমরা প্রায়ই ভাড়াটেদের জন্য সাঁতার শেখানোর ব্যবস্থা করি। বিনামূল্যে সাঁতার শেখানো হচ্ছে কিনা জানতে সাইটের লাইফগার্ডকে জিজ্ঞাসা করুন। পুল খোলা থাকার দিনে আপনি সাইটের লাইফগার্ডের কাছে নিজের নাম লিখিয়ে নিতে পারেন।

## উত্তাপের সতর্কীকরণ – বেশি ক্ষণ পুল খোলা থাকে

উত্তাপ সতর্কীকরণে Toronto Community Housing পুল খোলা রাখার সময়সীমা বাড়িয়ে দিতে পারে। পুল খোলা থাকার সময়ের বিষয়ে আপনার যদি প্রশ্ন থাকে, ডিউটিতে যে লাইফগার্ড আছে তার সঙ্গে কথা বলুন।

## গরমের দাবদাহ থেকে রেহাই পাওয়া এবং উত্তাপ সতর্কীকরণে কী করণীয় সে বিষয়ে আরও তথ্যের জন্য

## torontohousing.ca/becoolandsafe দেখুন।

# শীতকালীন নিরাপত্তা

শীতের মাসগুলিতে আপনার ইউনিট যাতে কমপক্ষে ২১ ডিগ্রীতে পৌঁছায় তা নিশ্চিত করা Toronto Community Housing-এর দায়িত্ব। যদি আপনার ইউনিটের তাপমান নিয়ে আপনার কোনও সমস্যা থাকে, ক্লায়েন্ট কেয়ার সেন্টারে যোগাযোগ করুন।

## প্রচণ্ড শীতের সতর্কীকরণ

যখন মাইনাস 15C বা তার চেয়ে ঠান্ডা বা মাইনাস 20C বা তার চেয়ে হিমশীতল বাতাসের পূর্বানুমান থাকে তখন এইগুলি ঘোষণা করা হয়।





প্রচণ্ড ঠান্ডা বা হিমেল ঝড়ের সময় উষ্ণ ও নিরাপদ থাকার জন্য এই টিপগুলি অনুসরণ করবেন:

- সম্ভব হলে, আপনি যদি বাইরে যেতে না পারেন সেই জন্য বাড়তি খাবার ও ওষুধ জমা করে রাখবেন।
- যদি আপনার বাড়িতে ইলেক্ট্রিক হিট ব্যবহার করা হয়, সব কটা কল সামান্য খোলা রাখবেন। এর ফলে পাইপে বরফ জমা হয়ে নষ্ট হয়ে যায় না।
- যদি হিট কাজ না করে, অবিলম্বে সাইচের কর্মচারী বা ক্লায়েন্ট কেয়ার সেন্টারে জানাবেন। প্রচণ্ড ঠান্ডার সতর্কীকরণে যদি হিট অকেজো হয়ে যায় সে ক্ষেত্রে হিটিং আবার চালু না হওয়া পর্যন্ত Toronto Community Housing সর্বজনীন এলাকায় একটা গরম জায়গা তৈরি করে রাখবে।

সতর্কীকরণ: আপনার ইউনিট গরম রাখতে আপনার ওভেন, প্রোপেন হিটার, বার্বেকিউ বা গ্যাস-চালিত জেনারেটার ব্যবহার করবেন না। এইগুলি দিয়ে মারাত্মক কার্বন মোনোঅক্সাইড গ্যাস তৈরি হয়, যা চোখে দেখা যায় না বা গন্ধ পাওয়া যায় না।

শীতের নিরাপত্তার আরও টিপসের জন্য **torontohousing.ca/safe_winter** দেখুন।




## বহনযোগ্য হিটার (স্পেস হিটার))

যদি Toronto Community
Housing-এর কাছ থেকে আপনি বহনযোগ্য স্পেস হিটার ব্যবহারের লিখিত অনুমতি পেয়ে থাকেন, তাতে কানাডিয়ান স্ট্যান্ডার্ড অ্যাসোসিয়েশন (Canadian Standards Association - CSA) লেবেল আছে কিনা নিশ্চিত করে নেবেন। জ্বলে উঠতে পারে এমন সব জিনিস যেমন কাগজ, পর্দা, ঢিলে পোশাক, আসবাব, বিছানা ও ওয়ালপেপার থেকে সব হিটার কমপক্ষে এক মিটার (তিন ফুট) দূরে রাখবেন। সব সময় ছোটদের ও পোষ্য জীবজন্তুদের হিটার থেকে অনেকটা দূরে রাখবেন।

হিটার চলাকালীন কখনও শুকানোর জন্য তার উপর জামাকাপড় বা বিছানা রাখবেন না, তাতে সহজেই আগুন লাগতে পারে।

বাড়ির বাইরে বা শুতে গেলে কখনও হিটার চালিয়ে রেখে যাবেন না।

## রেডিয়েটার



প্রচন্ড ঠান্ডা আবহাওযার ফলে আপনার রেডিয়েটার ফেটে যেতে পারে। তার ফলে জল ভরে যেতে পারে এবং আপনার ও আপনার প্রতিবেশীর ক্ষতি হতে পারে। যদি আপনার রেডিয়েটার ফেটে যায়, অবিলম্বে **416-981-5500** -এ ফোন করুন।

## রেডিয়েটার ফাটা রোধ করার টিপস

- ঠান্ডা হাওয়া যাতে ভিতরে ঢুকতে না পারে সেইজন্য আপনার জানালা বন্ধ করে রাখবেন। ঠান্ডা হাওয়া রেডিয়েটারের ভিতরের জল জমিয়ে দিতে পারে, তার ফলে সেটা ফেটে যেতে পারে।
- আপনার রেডিয়েটার যাতে নিচের তুলনায় উপর দিকে বেশি ঠান্ডা না হয় সে বিষয়ে নিশ্চিত হয়ে নেবেন। বাতাস আটকে পড়লে এমন হয়। সাইটের কর্মচারী বা ক্লায়েন্ট কেয়ার সেন্টারের সঙ্গে কথা বলুন। তারা যত তাড়াতাড়ি সম্ভব আটকে পড়া বাতাস বার করার ব্যবস্থা করবেন।
- আপনার আসবাব যাতে রেডিয়েটার থেকে কমপক্ষে 15 সেন্টিমিটার (প্রায় ছয় ইঞ্চি) দূরে থাকে সে বিষয়ে নিশ্চিত হয়ে নেবেন। আসবাব বা ভারী পর্দার কারণে আপনার রেডিয়েটারে বাধা পড়লে, আপনার ইউনিটে সর্বত্র যে ভাবে গরম হাওয়া ছড়িয়ে পড়া উচিত তা হবে না।
- নিজে কখনও রেডিয়েটার কম বেশি করবেন না। ইউনিট খুব ঠান্ডা বা খুব গরম হয়ে গেলে, সাইটের কর্মচারীর সঙ্গে কথা বলুন বা ক্লায়েন্ট কেয়ার সেন্টার **416-981-5500**-এ ফোন করুন।

## হিমেল বৃষ্টি, বরফ ও তুষারপাত



হিমেল বৃষ্টি ও জোরালো বাতাসের ফলে বিদ্যুৎ সরবরাহের লাইনে গাছ উপড়ে পড়ার ফলে বিদ্যুৎ বিভ্রাট হয়। বিদ্যুৎ বিভ্রাট ঘটলে কী করণীয় তার টিপস জানতে **পৃষ্ঠা 15** দেখুন।

## খবর রাখুন

আবহাওয়ার রিপোর্ট, রাস্তার বা ট্রানজিট বন্ধ থাকার হালখবর এবং সতর্কীকরণের অন্যান্য জরুরি বার্তার জন্য স্থানীয় মিডিয়া দেখুন ও শুনুন। যদি শীতের আবহাওয়ায় আপনার বিল্ডিং-এ প্রভাব পড়ে তাহলে Toronto Community Housing-এর কর্মচারীও আপনার সঙ্গে যোগাযোগ করবেন।

## ভিতরে থাকুন

হিমেল বৃষ্টি ও জমাট বাঁধা বরফের ফলে হাঁটা পথ, ফুটপাথ ও রাস্তা কয়েক সেকেন্ডের মধ্যে পিচ্ছিল হয়ে যেতে পারে। সম্ভব হলে, ফুটপাথ ও রাস্তা নুন দিয়ে পরিষ্কার না হওয়া পর্যন্ত বাড়ির ভিতরে থাকবেন।

তুষারপাতের 12 ঘন্টার মধ্যে কর্মচারী বরফ ও তুষার সাফ করে দেবে। তাছাড়া হাঁটা পথ, ড্রাইভওয়ে, বাইরের সিঁড়ি ও বাইরের পার্কিং-এর জায়গায় প্রয়োজন মতো আমরা নুন বা বালি ছড়িয়ে দেব। আপনার বিল্ডিং-এর ভূসম্পত্তিতে পিচ্ছিল বা বরফ জমা জায়গার রিপোর্ট করতে ক্লায়েন্ট কেয়ার সেন্টারে যোগাযোগ করুন।

## বাতাসে নিরাপত্তা

প্রচন্ড আবহাওয়ায় প্রবল বাতাস বইতে পারে। আপনার বারান্দা বা আপনার আঙিনায় রাখা আলগা জিনিস আটকে রাখুন। বাতাসে আপনার জিনিস এদিক ওদিক ছড়িয়ে পড়লে, আপনি বা আপনার প্রতিবেশী আহত হতে পারেন।



## হ্যালোইনে নিরাপত্তা

ট্রিক অর ট্রীট মজাদার হলেও বিপজ্জনক হতে পারে। যদি আপনি হ্যালোইনের খেলায় অংশ নেন, ছোট ছেলেমেয়েদের সঙ্গে সর্বদা একজন দায়িত্বশীল প্রাপ্তবয়স্ক বা মা বাবার মধ্যে কারুর থাকা দরকার।

সম্ভব হলে আপনার সন্তানের নিজের কাছে সেলফোন রাখা উচিত। সন্দেহজনক বা বেআইনী কাজ দেখলে, তখনই পুলিশ ডাকবেন।



হ্যালোইনে নিরাপত্তার টিপস, যেমন সুরক্ষিত কস্টিউম ও স্ট্রেঞ্জার ডেঞ্জারের মত হ্যালোইনে নিরাপত্তার আরও টিপসের জন্য **torontopolice.on.ca/safetyzone** দেখুন।

## ট্রিক বা ট্রীটের মজাদার বিকল্প

বাড়ি বাড়ি যাওয়ার বদলে, কমিউনিটি সেন্টারের মতো জায়গা বেছে নিন যেখানে হ্যালোইনের বিশেষানুষ্ঠানের আয়োজন করা হয়। বা আপনার সন্তান ও তাদের বন্ধুদের জন্য নিজস্ব অনুষ্ঠানের আয়োজন করুন।

# অনুবাদিত কপি চাই?

এই দলিলে Toronto Community Housing-এর ভাড়াটেদের জন্য জরুরি তথ্য আছে। আপনি যদি গাইডর একটি কপি চান, **416-981-5500** নম্বরে কল করুন।

የተተረጎሙ ቅጂዎችን በመጠየቅ ለማግኘት ይቻላል.
እባካቹ ደውሉልን 416-981-5500.

تتوفر النسخ المترجمة عند الطلب.
يرجى الاتصال على الرقم ٤١٦-٩٨١-٥٥٠٠

ভাষান্ৰৰিত প্ৰতিলিপিগুলি অনুৰোধ কৰলে পাওয়া যাবে।
৪১৬-৯৮১-৫৫০০ নাম্বারে যোগাযোগ করন্নন।

要求索取翻译本可致电 416-981-5500.

نسخه ترجمه شده در صورت درخواست در اختیار شما قرار می گیرد.
لطفاً به شماره 416-981-5500 تلفن بزنید.

Des copies traduites sont disponibles sur demande.
Veuillez téléphoner au 416-981-5500.

Μεταφρασμένα αντίγραφα είναι διαθέσιμα κατόπιν αιτήσεως. Παρακαλώ καλέστε 416-981-5500.

વિનંતી કરવાથી અનુવાદિત કોપી મળી શકશે.
મહેરબાની કરીને ૪૧૬-૯૮૧-૫૫૦૦ પર ફોન કરો.

Traduzioni di copie sono disponibili su richiesta.
Siete pregati di telefonare al 416-981-5500.

요청하시면 한국어로 번역된 사본을 구하실 수 있습니다.
416-981-5500 으로 전화 주십시오.

Przetłumaczone kopie dostępne są na prośbę.
Prosimy zadzwonić 416-981-5500.

Cópias traduzidas estão disponíveis mediante pedido. É favor telefonar para 416-981-5500.

Переведенные экземпляры предлагаются по запросам. Звоните, пожалуйста, 416-981-5500.

Waxaa la heli karaa koobiyo turjuman haddii la codsado. Fadlan wac 416-981-5500.

Ejemplares traducidos se encuentran disponibles a solicitud. Favor de llamar al 416-981-5500.

மொழி பெயர்க்கப் பட்ட பிரதிகள் இருக்கின்றன. பெற விரும்புவோர் தயவுசெய்து 416-981-5500 ஐ அழையுங்கள்

Wo srɛ a, wo nsa bɛka nea y'akyerɛ aseɛ no bi.
Yɛsrɛ sɛ frɛ 416-981-5500.

Có sẵn bản dịch nếu quý vị cần.
Xin gọi số 416-981-5500

আপনি নিরাপত্তার গাইডের অনুদিত কপি এখানে পাবেন **torontohousing.ca/safetyguide**.

# পরিশিষ্ট 1: জরুরি অবস্থার ফর্ম

## তথ্য পত্র
# জরুরি পরিস্থিতিতে
# 911-এ ফোন করুন

## যোগাযোগের তথ্য

নামের প্রথম অংশ ______________________ নামের শেষাংশ ______________________

ঠিকানা ______________________________________ অ্যাপার্টমেন্ট নম্বর ______________

শহর ______________________________________ পোস্টাল কোড ________ ________

প্রধান ফোন (__________)________- __________ বিকল্প ফোন (________)________- __________

হেল্থ কার্ড ------------------------------------------------------------ জন্মদিন ______ /______/ __________ ___
দিন মাস বছর

লিঙ্গ ☐ পুরুষ ☐ মহিলা ☐ অন্যান্য - আমি যা হিসাবে পরিচয় দিয়ে থাকি ______________

মূল ভাষা(সমূহ) ______________________________________________

☐ শুশ্রূষার অগ্রিম নির্দেশ → এর ফাইলে ______________________________________

এমার্জেন্সি কনট্যাক্ট 1 ______________________________________________

প্রধান ফোন (________ ___)__________- __________ বিকল্প ফোন (________)__________- __________ ___

এমার্জেন্সি কনট্যাক্ট 2 ______________________________________________

প্রধান ফোন (________ ___)__________- __________ বিকল্প ফোন (________)__________- __________ ___

প্রাথমিক পরিচর্যা প্রদানকারী ______________________________________________

ফোন (________ ___)__________- __________ ___

## প্রাসঙ্গিক চিকিৎসার ইতিহাস

☐ কার্ডিয়াক (অ্যাঞ্জাইনা, হার্ট অ্যাটাক, বাইপাস, পেসমেকার)

☐ স্ট্রোক/TIA

☐ হাইপারটেনশন (উচ্চ রক্তচাপ)

☐ কনজেস্টিভ হার্ট ফেলিওর

☐ডায়বেটিসের রোগী (ইনসুলিন নির্ভরশীল/ ইনসুলিন

☐ COPD (এমফিসেমা, ব্রঙ্কাইটিস)

☐ মৃগী (খিঁচুনি)

☐ হাঁপানি

☐ অ্যালঝাইমার

☐ স্মৃতিভ্রংশ

☐ মনোরোগ

অন্যান্য ______________________________________________

## ওষুধ

1)________________ 6)________________ 11) ________________
2)________________ 7)________________ 12) ________________
3)________________ 8)________________ 13) ________________
4)________________ 9)________________ 14) ________________
5)________________ 10)________________ 15)________________

## মেডিকাল অ্যালার্জি

☐ কোনও অ্যালার্জি জানা ☐ ☐ ASA ☐ সালফা ☐ কোডিন

অন্যান্য________________

## বিশেষ বিবেচ্য বিষয়

ছোঁয়াচে সংক্রমণ / রোগ ________________

অন্যান্য ________________

হাসপাতালের সঙ্গে সম্পর্ক________________ → ☐ বিস্তারিত ইতিহাস

☐ স্পেশালিটি (ডায়লিসিস, নিউরো, ইত্যাদি) ________________

## চলচ্ছক্তি / ইন্দ্রিয় সংক্রান্ত

☐ বাঁধানো ☐ চোখ (দুর্বল / চশমা / অন্ধ) ☐ শোনা (দুর্বল / এড / বধির)

☐ চলচ্ছক্তির সমস্যা (ছড়ি / হুইলচেয়ার / ওয়াকার / মোটরচালিত স্কুটার / নকল পা)

## আপনার বাড়িতে থাকা জন্তু

পোষ্য তালিকা এবং পোষ্যর যত্নের নির্দেশ

________________

এই পোষ্যগুলির মধ্যে কোনওটি কি সেবারত পশু? ☐ না ☐ হ্যাঁ ________________

পরিচর্যাকারীকে যোগাযোগ 1________________ফোন (______)______-______

পরিচর্যাকারীকে যোগাযোগ 2________________ফোন (______)______-______

সম্পন্ন করেছেন________________তারিখ ____/____/________
দিন মাস বছর



অন্য ভাষা বা ফর্ম্যাটে এই নিরাপত্তার গাইডের অনুরোধ করতে **416-981-5500**-এ ফোন করুন।

@TOHousing

@TorontoCommunityHousing

@torontohousing

@TorontoCommunityHousing

Toronto Community Housing Corporation
416-981-5500
torontohousing.ca
© 2021